# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Bhadra 10, 1433 Bangla, August 25, 2026, Tuesday, No. 231, 56th year

# H I G H L I G H T S

Prime Minister Tarique Rahman has ordered feasibility assessment to reintroduce universal stipends for girls from Class VI to undergraduate level. [Jago FM: 09]

Cabinet has approved draft law proposing to empower Armed Police Battalions to combat terrorism, human & drug trafficking. [BBC: 06]

Chinese President has congratulated Bangladesh President Mirza Fakhrul Islam Alamgir, expressing readiness to work together to deepen relationship between two countries. [R. Today: 19]

Inter-Education Board Examination Controller's Committee has announced that next year's SSC examination will begin on 14th March. [BBC: 05]

Bangladesh and India have discussed reopening of border hat, making land ports operational to strengthen bilateral trade. [R. Today: 18]

High Court has upheld death sentences of two in sensational Nusrat Jahan murder case in Feni & sentenced four others to life imprisonment. [BBC: 03]

Human rights organisations have claimed that disappearance of Miraj Sheikh is the First Enforced Disappearance Case after July Uprising. [BBC: 03]

US has threatned new sanctions on Iran, calling on allies to join the move. [BBC: 20]

New Zealand is set to introduce a bill seeking to ban children under 16 from using social media. [BBC: 22]

**Director: 44813046** | **Deputy News Controller: 44813048, 44813179** | **Assistant News Controller: 44813047, 44813178**

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**ভাদ্র ১০, বাংলা ১৪৩৩, আগস্ট ২৫, ২০২৬, মঙ্গলবার, নং- ২৩১, ৫৬তম বছর**

# শিরোনাম

মেয়েদের জন্য সার্বজনীন উপবৃত্তি পুনর্বহালের সম্ভাব্যতা যাচাইয়ের নির্দেশ প্রধানমন্ত্রীর। [জাগো এফএম: ০৯]

আর্মড পুলিশ ব্যাটালিয়ন আইন-২০২৬-এর খসড়ার চূড়ান্ত অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। [বিবিসি: ০৬]

রাষ্ট্রপতি হিসেবে দায়িত্ব নেওয়ায় মির্জা ফখরুল ইসলাম আলমগীরকে চীনের প্রেসিডেন্ট এর অভিনন্দন - দু'দেশের মধ্যকার সম্পর্ক আরও গভীর করতে একসঙ্গে কাজ করার আগ্রহ প্রকাশ। [রে. টুডে: ১৯]

২০২৭ সালের এসএসসি পরীক্ষা শুরু ১৪ই মার্চ, ঘোষণা আন্তঃশিক্ষা বোর্ড পরীক্ষা নিয়ন্ত্রক কমিটির। [বিবিসি: ০৫]

বাংলাদেশ ও ভারতের মধ্যকার বৈঠকে দ্বিপক্ষীয় বাণিজ্য জোরদারে সীমান্ত হাট পুনরায় চালু ও স্থলবন্দর কার্যকর করার বিষয়ে আলোচনা। [রে. টুডে: ১৮]

ফেনীর আলোচিত নুসরাত জাহান হত্যা মামলায় দুজনের মৃত্যুদণ্ড বহাল রেখেছে হাইকোর্ট। [বিবিসি: ০৩]

২০২৪ সালের জুলাই গণ-অভ্যুত্থানের পর মিরাজ শেখের নিখোঁজের ঘটনাই প্রথম গুম বলে দাবি মানবাধিকার সংগঠনগুলোর। [বিবিসি: ০৩]

ইরানের বিরুদ্ধে নতুন নিষেধাজ্ঞা আরোপের ঘোষণা যুক্তরাষ্ট্রের, মিত্রদের যোগ দেওয়ার আহ্বান ওয়াশিংটনের। [বিবিসি: ২০]

১৬ বছরের কম বয়সী শিশু-কিশোরদের সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার বন্ধে আইন প্রণয়ন করতে যাচ্ছে নিউজিল্যান্ড। [বিবিসি: ২২]

# বিবিসি

## নুসরাত হত্যা মামলায় ১৬ আসামির মধ্যে ১০ জন খালাস, দুইজনের মৃত্যুদণ্ড বহাল

ফেনীতে নুসরাত জাহান হত্যা মামলায় মৃত্যুদণ্ড পাওয়া ১৬ আসামির মধ্যে ১০ জনকে বেকসুর খালাস দিয়েছেন আদালত। বাকিদের মধ্যে দুইজনের মৃত্যুদণ্ড বহাল রেখেছেন আদালত আর চারজনকে যাবজ্জীবন কারাদণ্ড দেওয়া হয়েছে। সোমবার ডেথ রেফারেন্স বা মৃত্যুদণ্ড অনুমোদন, আপিল ও জেল আপিলের শুনানির পর হাইকোর্টের বিচারপতি ভীষ্মদেব চক্রবর্তী ও বিচারপতি কে এম রাশেদুজ্জামান রাজার হাইকোর্ট বেঞ্চ এই রায় দেন। ২০১৯ সালের ৬ এপ্রিল নিজ শিক্ষা প্রতিষ্ঠানের ছাদে নুসরাতের শরীরে কেরোসিন ঢেলে আগুন ধরিয়ে দেওয়ার ঘটনা ঘটে। ১০ এপ্রিল ঢাকায় চিকিৎসাধীন অবস্থায় মারা যায় নুসরাত। এর আগে, নিজ শিক্ষা প্রতিষ্ঠান সোনাগাজী মডেল থানায় ইসলামিয়া ফাজিল মাদ্রাসার অধ্যক্ষের বিরুদ্ধে শ্লীলতাহানীর অভিযোগ এনেছিল নুসরাত। এই মামলায় ২০১৯ সালের ২৪ অক্টোবর ফেনীর নারী ও শিশু নির্যাতন দমন আদালত ১৬ জনকে মৃত্যুদণ্ড দিয়েছিলেন। হাইকোর্ট বেঞ্চ নুসরাতের মাদ্রাসার তৎকালীন অধ্যক্ষ এস এম সিরাজ-উদ-দৌলা ও তার সহযোগী শাহাদাত হোসেন শামীমের মৃত্যুদণ্ড বহাল রেখেছে। হাইকোর্টের রায়ের পর আসামি পক্ষের আইনজীবী শিশির মনির সাংবাদিকদের বলেন, "নূসরাত হত্যা একটি চাঞ্চল্যকর মামলা। এখানে ১৬ জন আসামিকে মৃত্যুদণ্ড দেওয়া হয়েছিল। ১২ জনের স্বীকারোক্তিমূলক জবানবন্দি ছিল আর চারজনের কোনো স্বীকারোক্তমূলক জবানবন্দি ছিল না। এই মামলার ডেথ রেফারেন্স শুনানি শেষ হয়েছে। তার মধ্যে ১০ জনকে মাননীয় হাইকোর্ট বেকসুর খালাস দিয়েছেন। চারজনকে যাবজ্জীবন সাজা দিয়েছেন। আর দুইজনের মৃত্যুদণ্ড বহাল রেখেছেন।" "হাইকোর্ট বিভাগ বলেছেন, যে বিচারিক আদালতে এইভাবে নির্বিচারে ফাসি দিতে গিয়ে প্রতিটি পরিবারের ওপর ডেভেসটেটিক এফেক্ট নেমে এসেছে, তার বিচারিক ক্ষমতা কেড়ে নেওয়ার জন্য নির্দেশ দিয়েছেন এবং তাকে আইন মন্ত্রণালয়ে সংযুক্ত করতে বলেছেন," বলেন শিশির মনির।

(বিবিসি ওয়েব পেজ : ২৪.০৮.২০২৬ আলী আহমেদ)

## মিরাজ শেখের নিখোঁজের ঘটনা 'গণ-অভ্যুত্থানের পর প্রথম গুম', দাবি মানবাধিকার সংগঠনগুলোর

২০২৪ সালের জুলাই গণ-অভ্যুত্থানের পর বাংলাদেশের একজন জেলে ও মোটরসাইকেল চালক মিরাজ শেখের নিখোঁজ হওয়ার ঘটনাই প্রথম গুমের ঘটনা বলে দাবি করেছে হিউম্যান রাইটস সাপোর্ট সোসাইটি (এইচআরএসএস), ভুক্তভোগীর পরিবার ও বাংলাদেশ লিগ্যাল এইড অ্যান্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট)। রোববার জাতীয় প্রেস ক্লাবে এক সংবাদ সম্মেলনে এ দাবি করা হয়। একইসঙ্গে প্রায় সাড়ে চার মাস ধরে নিখোঁজ মিরাজকে খুঁজে বের করে পরিবারের কাছে ফিরিয়ে দেওয়ার দাবি জানানো হয়েছে। সংবাদ সম্মেলনে বলা হয়, গত ১০ এপ্রিল সন্ধ্যায় বাগেরহাটের মোংলার জয়মনি এলাকা থেকে সাদা পোশাকে থাকা দুই কোস্ট গার্ড সদস্য মিরাজকে প্রায় ১০০ থেকে ১৫০ গজ দূরে অবস্থিত কোস্ট গার্ডের (হারবারিয়া কোস্ট গার্ড স্টেশন) পন্টুনে তুলে নিয়ে যান। পরে তাকে কোস্ট গার্ডের একটি স্পিডবোটে নেওয়া হয়। মিরাজ শেখকে তুলে নেওয়ার "কিছু সময়ের মধ্যে মোংলার দিক থেকে একটি কোস্ট গার্ড স্পিড বোট আসে, যেখানে সাত-আটজন ইউনিফর্ম পরিহিত সদস্য ছিলেন। তারা পন্টুনে উঠে মিরাজ শেখের সাথে ছবি ও ভিডিও ধারণ করে এবং পরবর্তীতে তাকে তাদের সঙ্গে বোটে নিয়ে চলে যায়।" দাবি করা হয়েছে, এই ঘটনাটি সেখানে উপস্থিত গ্রামবাসীসহ মিরাজের স্ত্রীর সামনেই ঘটেছে। ঘটনার পর পরিবারের সদস্যরা কোস্ট গার্ডের সঙ্গে যোগাযোগ করলে প্রথম দিকে মিরাজ তাদের হেফাজতে থাকার কথা জানানো হলেও পরে আটকের বিষয়টি অস্বীকার করা হয় বলে অভিযোগ পরিবারের। এ ঘটনায় গত ২৩ এপ্রিল মোংলা থানায় একটি সাধারণ ডায়েরি করে পরিবার। পরে মিরাজের সন্ধান চেয়ে হাইকোর্টে রিট করা হয়। সংবাদ সম্মেলনে জানানো হয়, গত ১২ জুলাই হাইকোর্ট কোস্ট গার্ডকে ১৫ কার্যদিবসের মধ্যে মিরাজকে খুঁজে বের করে আদালতে হাজির করার নির্দেশ দেয়। তবে এখনো তার কোনো সন্ধান পাওয়া যায়নি। সংবাদ সম্মেলনে মিরাজকে দ্রুত খুঁজে বের করার পাশাপাশি ঘটনার সঙ্গে জড়িত ব্যক্তিদের বিরুদ্ধে স্বাধীন ও নিরপেক্ষ তদন্ত এবং পরিবারের নিরাপত্তা নিশ্চিত করার দাবি জানানো হয়।

(বিবিসি ওয়েব পেজ : ২৪.০৮.২০২৬ আলী আহমেদ)

## এসএসসির খাতা মূল্যায়নে রেকর্ড আবেদন, নম্বর কি কমতে পারে?

চার লাখের বেশি শিক্ষার্থীর কাছ থেকে জমা পড়েছে ১৩ লাখের কাছাকাছি আবেদন। জিপিএ-৫ পাওয়া ৩০ হাজারের বেশি শিক্ষার্থীও রয়েছেন এই তালিকায়। পরীক্ষার উত্তরপত্র পুনঃনিরীক্ষা বা পুনরায় মূল্যায়নের জন্য এই আবেদন করেছেন এবারের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট ও সমমানের শিক্ষার্থীরা। এত বিশালসংখ্যক শিক্ষার্থীর খাতা চ্যালেঞ্জ করে আবেদনের বিষয়টি নানা আলোচনার জন্ম দিয়েছে। এসব আবেদন নিষ্পত্তি করতে কত সময় লাগতে পারে এই বিষয়টিও সামনে আসছে। এছাড়া এবার যেহেতু খাতা পুনঃনিরীক্ষার বদলে পুনর্মূল্যায়ন করা হবে, সেক্ষেত্রে নম্বর বৃদ্ধির পাশাপাশি, কমতেও পারে কিনা, এমন প্রশ্নও উঠছে। শিক্ষাবোর্ড সংশ্লিষ্ট অনেকে বলছেন, প্রতিবছরই পরীক্ষার খাতা পুনঃনিরীক্ষার আবেদন জমা পড়ে। কিন্তু বোর্ড পরীক্ষায় এত বিশাল-সংখ্যক শিক্ষার্থীর খাতা চ্যালেঞ্জের ঘটনা এবারই প্রথম। এসএসসির খাতা পুনরায় মূল্যায়নে আবেদনের সংখ্যা নিয়ে বিস্ময় জানিয়েছেন খোদ শিক্ষামন্ত্রীও। তিনি বলছেন, "দেখে মনে হচ্ছে যেন সকলেই খাতা মূল্যায়ন করতে চায়। মানে আমাকে আবার ২০ লক্ষ শিক্ষার্থীর খাতা

প্রত্যেকটিই দেখতে হবে। ইট ইজ কোয়াইট ইমপসিবল।" ভবিষ্যতে এ বিষয়ে একটি নীতিমালা তৈরির কথাও জানিয়েছেন শিক্ষামন্ত্রী। এ বছর খাতা পুনঃনিরীক্ষার বদলে পুনর্মূল্যায়নের সুযোগ দেওয়ায় অতীতের তুলনায় আবেদন বেশি পড়েছে বলেই মনে করে করা হচ্ছে। তবে, এবার উত্তরপত্র পুনর্মূল্যায়নে আবেদনের যে সংখ্যা, সেটি পরীক্ষার খাতা মূল্যায়ন পদ্ধতির ওপর শিক্ষার্থী-অভিভাবকদের আস্থার সংকটকে সামনে এনেছে বলেই মনে করছেন শিক্ষাবিদ ও গবেষকদের অনেকে। শিক্ষার্থীদের যোগ্যতা যাচাইয়ে দেশের পরীক্ষা ও মূল্যায়ন পদ্ধতি নিয়েও প্রশ্ন তুলেছেন কেউ কেউ। তারা বলছেন, বাংলাদেশে যেভাবে লিখিত পরীক্ষা নিয়ে একজন শিক্ষার্থীকে পাস-ফেলের হিসেবে মূল্যায়ন করা হচ্ছে, সেটি যথার্থ নয়।

**এত আবেদন কেন?**

"উচ্চতর গণিতে পেয়েছি ৭২, পদার্থবিজ্ঞানে ৭৮ আর বায়োলজিতে ৭১- এই তিনটাতেই আবেদন করছি। পরীক্ষা তো ভালো দিছিলাম, ফিজিক্স আর বায়োলজিতে তো এ-প্লাস মিস হওয়ার কথা না।" বিবিসি বাংলাকে এভাবেই বলছিলেন এ বছর মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা এসএসসি পাশ করা কুমিল্লার শিক্ষার্থী ওয়াহিদুল ইসলাম। পরীক্ষায় জিপিএ-৫ পাওয়ার আশা থাকলেও চূড়ান্ত ঘোষণায় তার রেজাল্ট এসেছে জিপিএ-৪ দশমিক ৭৮। ফলে, তিন বিষয়ের খাতা পুনরায় মূল্যায়নের আবেদন করেছেন এই শিক্ষার্থী। তার মতো অনেক শিক্ষার্থীই প্রতিবছর পরীক্ষার উত্তরপত্র পুনরায় মূল্যায়নের আবেদন করেন। যেখানে কৃতকার্য শিক্ষার্থীদের পাশাপাশি থাকেন অকৃতকার্যরাও। তাহলে এ নিয়ে এবার এত আলোচনার কারণ কী? বোর্ড সংশ্লিষ্টরা বলছেন, অতীতে কখনই খাতা পুনঃনিরীক্ষার জন্য এত বেশি আবেদন পড়েনি। বিশেষ করে জিপিএ-৫ পাওয়া ত্রিশ হাজারের বেশি শিক্ষার্থীর, খাতা পুনঃনিরীক্ষার আবেদন অবাক করেছে তাদেরকেও। "এমনও আবেদিন আমরা পেয়েছি যে, একটি বিষয়ে ১০০-এর মধ্যে ৯৮ পেয়েও আবেদন করেছে, এখানে আসলে কেন সে আবেদন করেছে, কী বলবো," বিবিসি বাংলাকে বলেন বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর খোন্দকার মোহাম্মদ সাদেকুর রহমান। এ বছর এসএসসির উত্তরপত্র পুনরায় মূল্যায়নের আবেদন বেশি হওয়ার কারণ হিসেবে দুটি বিষয়কে মূল কারণ হিসেবেই দেখছেন শিক্ষা বোর্ড সংশ্লিষ্টরা। তারা বলছেন, নীতিমালা অনুযায়ী প্রতিবছর খাতা মূলত পুননিরীক্ষণ হয়, অর্থাৎ খাতার কোনো প্রশ্ন বাদ গেছে কিনা, নম্বর যোগে ভুল হয়েছে কিনা, ওএমআর শিটে সঠিকভাবে নম্বর উঠেছে কিনা- এই বিষয়গুলো দেখা হতো। কিন্তু এবার শিক্ষা মন্ত্রণালয় খাতা পুনর্মূল্যায়নের কথা বলেছে। অর্থাৎ আবেদন করা খাতা এবার নতুন করে যাচাই হবে। এছাড়া এ বছর এসএসসি পরীক্ষায় অকৃতকার্যের সংখ্যাও গত ১৯ বছরের মধ্যে সব থেকে বেশি। ফলে অকৃতকার্য হওয়া শিক্ষার্থীরাও বেশি আবেদন করেছেন। উল্লেখ্য, গত ১০ আগস্ট প্রকাশিত ফলাফলে, দেশের ১১টি শিক্ষা বোর্ডের অধীনে মোট ১৮ লাখ ২৯ হাজার ৪৮৫ জন পরীক্ষার্থী অংশ নিয়েছিল, যার মধ্যে পাশ করেছে ১১ লাখ ৩৮ হাজার ৮৭৭ জন। দেশের নয়টি সাধারণ শিক্ষা বোর্ডে এবার গড়ে পাশ করেছে ৬৪ দশমিক ০৫ শতাংশ শিক্ষার্থী; কমেছে জিপিএ-৫ এর সংখ্যাও। মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বোর্ডে রেজাল্টের অবস্থা আরও খারাপ।

**চাপে শিক্ষা বোর্ডগুলো**

এসএসসির গণ্ডি পেরিয়ে উচ্চ মাধ্যমিকে ভর্তির প্রস্তুতি বা প্রক্রিয়ায় অংশ নেন শিক্ষার্থীরা। যদিও এ বছর এসএসসির খাতা পুনঃনিরীক্ষার অধিক আবেদন এবং মূল্যায়নের প্রক্রিয়া শিক্ষা কার্যক্রমকে পিছিয়ে দেয় কিনা, এমন শঙ্কা তৈরি করেছে। খাতা মূল্যায়নের কাজটি শেষ করতে অবশ্য খুব বেশি সময় নিতে চায় না শিক্ষা মন্ত্রণালয়। সেপ্টেম্বর মাসের ১০ তারিখের মধ্যে এই প্রক্রিয়া শেষ করার একটি নির্দেশনাও বোর্ডগুলোকে দেওয়া হয়েছে বলে জানা গেছে। কিন্তু স্বল্প সময়ের মধ্যে প্রায় ১৩ লাখ খাতা পুনর্মূল্যায়ন দেশের শিক্ষা বোর্ডগুলোকে বেশ চাপে ফেলেছে বলেই মনে হচ্ছে। রাজশাহী শিক্ষা বোর্ডে খাতা মূল্যায়নের জন্য গত বছরের তুলনায় প্রায় দ্বিগুণ আবেদন জমা পড়েছে বলে জানা গেছে। বোর্ডের চেয়ারম্যান প্রফেসর ড. শামীম আরা চৌধুরী বলছেন, নির্দিষ্ট সময়ে শেষ করতে এবার অতীতের তুলনায় অধিক-সংখ্যক নিরীক্ষক নিয়োগ দেওয়া হচ্ছে। "আমাদের খাতাগুলো এখনও আসতেছে, আমরা প্রতি ২০০ খাতার জন্য তিনজন পরীক্ষককে দায়িত্ব দেব। দুইজন ২০০ খাতা দেখবে এবং একজন সেটা পুনর্মূল্যায়ন করবে," বিবিসি বাংলাকে বলেন তিনি। অনেকটা একই অবস্থা অন্য বোর্ডগুলোতেও। ঢাকা শিক্ষা বোর্ডে প্রায় ২ লক্ষ ৭৮ হাজার খাতা পুনরায় মূল্যায়নের আবেদন জমা পড়েছে। "আগের তুলনায় আবেদনের সংখ্যা বেড়েছে। তবে এতে ঘাবড়ানোর কিছু নেই। আগের বছর এই আবেদন নিষ্পত্তির জন্য ২০৯ জন টিচার কাজ করেছেন, এবার হয়ত ৫০০ জন কাজ করবেন," বিবিসি বাংলাকে বলেন ঢাকা শিক্ষাবোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর জেসমিন তাসলিমা বানূ।

**নম্বর কি কমতে পারে?**

'খাতা চ্যালেঞ্জ' শুনলেই মনে করা হয় যে, একজন শিক্ষার্থীর উত্তরপত্র হয়ত নতুন করে যাচাই করা হবে। কিন্তু বাস্তবতা ভিন্ন। নীতিমালা অনুযায়ী, উত্তরপত্র পুনরায় নিরীক্ষণ করা হতো, পুনর্মূল্যায়ন নয়। অর্থাৎ, শিক্ষক খাতায় ঠিক নম্বর দিলেন কি না, সেটি দেখার সুযোগ ছিল না। শিক্ষা বোর্ড সংশ্লিষ্টরা বলছেন, উত্তরপত্র নিরীক্ষণের ক্ষেত্রে কোনো প্রশ্ন বাদ গেছে কিনা, নম্বর যোগে ভুল হয়েছে কিনা, ওএমআর শিটে সঠিকভাবে নম্বর উঠেছে কিনা- মূলত এই বিষয়গুলোই দেখা হতো। কিন্তু এবার যেহেতু খাতা পুনরায় মূল্যায়ন করা হবে, ফলে চ্যালেঞ্জ করা খাতায় কোনো প্রশ্নের উত্তরে নম্বর দেওয়ার ক্ষেত্রে কম-বেশি দেওয়া হয়েছে কিনা, সেটিও দেখা হবে। এক্ষেত্রে খাতা মূল্যায়নে কোনো শিক্ষার্থীর

নম্বর যদি বাড়তে পারে, তাহলে কারো নম্বর কি কমে যাওয়ার শঙ্কা রয়েছে? এমন প্রশ্নও করছেন কেউ কেউ। কুমিল্লা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর ড. মো. শফিকুল ইসলাম বলছেন, উত্তরপত্র মূল্যায়নে নম্বর কমানো যাবে কিনা এমন কোনো নির্দেশনা এখনও তারা পাননি। তবে "এরকম হওয়ার সম্ভাবনা কম। কারণ একটাতো রেজাল্ট ঘোষণা হয়েছে, নম্বর কম হয়েছে কিনা, সেটা আমরা দেখতে পারি, যেটা অতীতে পুনঃনীরিক্ষণের ক্ষেত্রে নিয়ম ছিল," বিবিসি বাংলাকে বলেন তিনি। এবছর উত্তরপত্র মূল্যায়নে নম্বর কমার সম্ভাবনা নেই বলেই মনে করেন বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর খোন্দকার মোহাম্মদ সাদেকুর রহমান। বিবিসি বাংলাকে তিনি বলছেন, "পরীক্ষার খাতা পুনর্মূল্যায়নে ভবিষ্যতে যে নীতিমালা তৈরির কথা বলা হচ্ছে, সেখানে হয়ত এ বিষয়ে নির্দেশনা আসতে পারে। কিন্তু এবার নম্বর কমবে না।"

**মূল্যায়নে গলদ কোথায়?**

এ বছর এসএসসির উত্তরপত্র পুনঃনিরীক্ষায় বেশি আবেদন জমা পড়ার পর এ নিয়ে নতুন নীতিমালা তৈরির বিষয়টিও আলোচনায় এসেছে। বাংলাদেশের বিভিন্ন পাবলিক পরীক্ষা মূলত আন্তঃশিক্ষা বোর্ড পরীক্ষা পরিচালনা নীতিমালা এবং দ্য পাবলিক এক্সামিনেশনস (অফেন্সেস) অ্যাক্ট, ১৯৮০-এর মাধ্যমেই পরিচালিত হয়। শিক্ষা সংশ্লিষ্টরা বলছেন, নীতিমালা অনুযায়ী উত্তরপত্র পুনঃনিরীক্ষার সুযোগ থাকালেও পুনর্মূল্যায়নের সুযোগ নেই। সম্প্রতি গণমাধ্যমকে শিক্ষামন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন জানিয়েছেন যে, এবারের অভিজ্ঞতা থেকেই ভবিষ্যতে উত্তরপত্র মূল্যায়নের জন্য একটি নীতিমালা তৈরি করা হবে। তিনি বলেন, "যে ১২ লাখের বেশি আবেদন হয়েছে, সেটি রিচেক করে তারপর কলেজে অ্যাডমিশন দিতে হবে। এটা একটা দীর্ঘ সময়ের ব্যাপার।" ফলে উত্তরপত্র মূল্যায়নের আবেদন করতে হলে কোন বিয়ষগুলো বিবেচনায় রাখতে হবে, সেটি নীতিমালায় উল্লেখ থাকবে। "কোন ধরনের খাতাগুলো রিএক্সামিন হতে পারে। আমরা ওই খাতাগুলোকেই অ্যাড্রেস করবো, যেগুলোতে সিভিয়ারলি প্রোবলেম," বলেন তিনি। এছাড়া যে-সব শিক্ষক খাতা দেখছেন, তাদের জবাবদিহির বিষয়টিও নীতিমালায় উল্লেখ থাকবে বলে জানান শিক্ষামন্ত্রী। "তারা কি আদৌ কোয়ালিফাইড, তারা ঠিকমতো খাতা দেখছেন কিনা, আন্ডার মার্কিং করছে কিনা, ওভার মার্কিং করছে কিনা-তাদেরকে এড্রেস করে ট্রেনিংয়ের ব্যবস্থাও করতে হবে, ইট ইজ হিউজ টাস্ক," বলেন তিনি।

উল্লেখ্য, দ্য পাবলিক এক্সামিনেশনস (অফেন্সেস) অ্যাক্ট, ১৯৮০ অনুযায়ী, বাংলাদেশে যে-কোনো পাবলিক পরীক্ষার উত্তরপত্র যদি কেউ অতিরিক্ত (ওভার মার্কিং) বা কম মূল্যায়ন (আন্ডার মার্কিং) করে দোষী সাব্যস্ত হয়, তাহলে অভিযুক্ত ব্যক্তিকে অনধিক দুই বছরের কারাদণ্ড, কিংবা অর্থদণ্ড, অথবা উভয় দণ্ড দেওয়া হবে। তবে এক্ষেত্রে, তৃতীয় কোনো পরীক্ষক যদি অতিরিক্ত বা কম মূল্যায়নের বিষয়টি নির্ধারণ না করেন, তাহলে এই ধারার অধীনে কোনো ব্যক্তিকে দণ্ডিত করা যাবে না। শিক্ষাবিদ ও গবেষকরা অবশ্য বলছেন, উত্তরপত্র পুনর্মূল্যায়নের নীতিমালা এই সমস্যার তাৎক্ষণিক সমাধান হলেও স্থায়ী ব্যবস্থা নয়। এছাড়া দেশের পরীক্ষা ও মূল্যায়ন পদ্ধতি নিয়েও প্রশ্ন তুলেছেন ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের অধ্যাপক মো. আব্দুস সালাম। তিনি বলছেন, তাত্ত্বিক পরীক্ষা নির্ভর যে মূল্যায়ন পদ্ধতি বাংলাদেশে দীর্ঘদিন ধরে চলমান রয়েছে, তাতে একজন শিক্ষার্থীর যথার্থ মূল্যায়ন কখনই সম্ভব নয়।

(বিবিসি ওয়েব পেজ : ২৪.০৮.২০২৬ আলী আহমেদ)

## ২০২৭ সালের এসএসসি পরীক্ষা শুরু ১৪ মার্চ

২০২৭ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা এসএসসি পরীক্ষার সময়সূচি প্রকাশ করেছে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড। প্রকাশিত সূচি অনুযায়ী, আগামী বছরের ১৪ মার্চ থেকে পরীক্ষা শুরু হবে। আজ সোমবার প্রকাশিত সময়সূচিতে বলা হয়েছে, প্রতিদিন সকাল ১০টা থেকে পরীক্ষা শুরু হবে। ১৪ মার্চ বাংলা (আবশ্যিক) প্রথমপত্র ও সহজ বাংলা প্রথমপত্রের পরীক্ষা দিয়ে এসএসসি পরীক্ষা শুরু হবে। সকল তত্ত্বীয় পরীক্ষা শেষ হবে ১৫ এপ্রিল এবং ২২ এপ্রিলের মাঝে সব ব্যবহারিক পরীক্ষা শেষ করতে হবে। ঢাকা, রাজশাহী, কুমিল্লা, যশোর, চট্টগ্রাম, বরিশাল, সিলেট, দিনাজপুর ও ময়মনসিংহ শিক্ষা বোর্ডের অধীনে এসএসসি পরীক্ষার্থীদের জন্য এই সময়সূচি প্রকাশ করা হয়েছে। তবে বিশেষ প্রয়োজনে বোর্ড কর্তৃপক্ষ এই সময়সূচি পরিবর্তন করতে পারবে।

(বিবিসি ওয়েব পেজ : ২৪.০৮.২০২৬ আলী আহমেদ)

## সালমান শাহ হত্যা; অভিনেতা ডনের সাত দিনের রিমান্ড চেয়েছে সিআইডি

বাংলাদেশের চলচ্চিত্রে নব্বই'র দশকের জনপ্রিয় নায়ক সালমান শাহ হত্যা মামলায় গ্রেফতার হয়ে কারাগারে থাকা অভিনেতা আশরাফুল হক ডনের সাত দিনের রিমান্ড চেয়েছে পুলিশের অপরাধ তদন্ত বিভাগ, সিআইডি। মামলার তদন্ত কর্মকর্তা সিআইডির ঢাকা মেট্রো দক্ষিণের ইন্সপেক্টর মজিবুর রহমান গত বৃহস্পতিবার এ আবেদন করেন। আজ সোমবার প্রসিকিউশন বিভাগের উপ-পরিদর্শক শাহ আলম জানান, ওই আবেদনের প্রেক্ষিতে ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট জুয়েল রানা আসামির উপস্থিতিতে শুনানির দিন ধার্য করেছেন আগামী ২৭ আগস্ট। উল্লেখ্য, গত ৯ আগস্ট ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে ডনকে গ্রেফতার করে ইমিগ্রেশন পুলিশ। পরে তাকে সিআইডির কাছে হস্তান্তর করা হয় এবং একই দিনে আদালত তাকে কারাগারে পাঠায়। গত ১২ আগস্ট তার জামিন আবেদন নামঞ্জুর করেন আদালত। সালমান শাহ ১৯৯৬ সালের ৬ সেপ্টেম্বর ঢাকার ইস্কাটনের বাসায় মারা যান। শুরুতে তার মৃত্যুকে আত্মহত্যা বলা হলেও পরে এ ঘটনায় হত্যা মামলা হয়। ২০২৫ সালের ২০ অক্টোবর সালমান

শাহর মা নীলা চৌধুরীর পক্ষে তার ভাই মোহাম্মদ আলমগীর কুমকুম বাদী হয়ে রমনা থানায় সালমান শাহ'র স্ত্রী সামিরা হকসহ ১১ জনের বিরুদ্ধে মামলাটি করেন।(বিবিসি ওয়েব পেজ : ২৪.০৮.২০২৬ আলী আহমেদ)

## মিরাজ শেখকে আটক বা গুম করার প্রমাণ পাওয়া যায়নি : কোস্ট গার্ড

বাগেরহাটের মোংলার নিখোঁজ মিরাজ শেখকে আটক, হেফাজতে নেওয়া বা গুম করার অভিযোগ অস্বীকার করেছে বাংলাদেশ কোস্ট গার্ড। সোমবার এক বিবৃতিতে বাহিনীটি বলেছে, অভিযোগ পাওয়ার পর সংশ্লিষ্ট ইউনিটের অপারেশনাল রেকর্ড, টহল কার্যক্রম ও দায়িত্বপ্রাপ্ত সদস্যদের উপস্থিতিসহ বিভিন্ন তথ্য যাচাই করা হয়েছে। সেই অনুসন্ধানে বাংলাদেশ কোস্ট গার্ড কর্তৃক মিরাজ শেখকে আটক, জিজ্ঞাসাবাদ বা হেফাজতে নেওয়ার কোনো তথ্য বা প্রমাণ পাওয়া যায়নি। এর আগে, সোমবার জাতীয় প্রেস ক্লাবে এক সংবাদ সম্মেলনে মিরাজ শেখের পরিবার এবং মানবাধিকার সংগঠন হিউম্যান রাইটস সাপোর্ট সোসাইটি (এইচআরএসএস) ও বাংলাদেশ লিগ্যাল এইড অ্যান্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) অভিযোগ করে যে, গত ১০ এপ্রিল মোংলার জয়মনি এলাকা থেকে সাদা পোশাকে থাকা দুই কোস্ট গার্ড সদস্য মিরাজকে তুলে নিয়ে যান। এরপর থেকে তিনি প্রায় সাড় চার মাস ধরে নিখোঁজ। তবে কোস্ট গার্ড বলছে, ওইদিন জয়মনির ঘোল এলাকায় তাদের কোনো বিশেষ অভিযান ছিল না। সেদিন শুধু হারবারিয়া ইকো ট্যুরিজম এলাকায় নিয়মিত টহল পরিচালনা করা হয়েছিল। বিবৃতিতে আরও দাবি করা হয়, মিরাজ শেখ নিখোঁজ হওয়ার ১৩ দিন পর করা সাধারণ ডায়েরিতেও কোস্ট গার্ড বা অন্য কোনো ব্যক্তি বা সংস্থার বিরুদ্ধে তাকে আটক, অপহরণ বা গুম করার অভিযোগ ছিল না। কোস্ট গার্ডের দাবি, স্থানীয় বিভিন্ন সূত্র থেকে তারা জানতে পেরেছে যে, মিরাজ শেখ সুন্দরবনকেন্দ্রিক বনদস্যু চক্রের সঙ্গে সম্পৃক্ত ছিলেন। বনদস্যু চক্রের মুক্তিপণ ও চাঁদার প্রায় ছয় লক্ষ টাকা আত্মসাতের ঘটনাকে কেন্দ্র করে তার সঙ্গে বাহিনীর অভ্যন্তরীণ বিরোধের সৃষ্টি হয়েছিল।

এছাড়া, মিরাজ শেখের বাবা আগে একটি বনদস্যু বাহিনীর সক্রিয় সদস্য ছিলেন এবং পরবর্তীতে আত্মসমর্পণ করেন। পিসিপিআর যাচাইয়ে মিরাজ শেখের বিরুদ্ধে তিনটি মামলা চলমান রয়েছে, যার মধ্যে দুইটি মামলায় তিনি গ্রেফতারি পরোয়ানাভুক্ত আসামি। কিছু 'স্বার্থান্বেষী মহল' রাজনৈতিক ও ব্যক্তিগত স্বার্থ হাসিল করার উদ্দেশ্যে মিরাজ শেখের পরিবারকে ব্যবহার করে সংবাদ সম্মেলন, মানববন্ধন ও অপপ্রচার পরিচালনায় সহায়তা করছে এবং মিরাজ শেখকে নিয়ে হিউম্যান রাইটস ওয়াচ (এইচআরডব্লিউ) এবং আইন ও সালিশ কেন্দ্রের (আসক) মাধ্যমে কোস্ট গার্ডের বিরুদ্ধে ভিত্তিহীন অপপ্রচার এবং আন্তর্জাতিক মহলেও সরকারবিরোধী গুজব ছড়ানো হচ্ছে বলে বিবৃতিতে অভিযোগ করা হয়েছে। কোস্ট গার্ড আরও বলেছে যে, বাংলাদেশ কোস্ট গার্ড সবসময় ইউনিফর্ম পরে দায়িত্ব পালন করে এবং তাদেরকে কখনও সাদা পোশাকে অভিযান পরিচালনা বা আইনবহির্ভূত কাজে জড়িত হতে দেখা যায়নি।

(বিবিসি ওয়েব পেজ : ২৪.০৮.২০২৬ আলী আহমেদ)

## 'দ্বৈত নাগরিকত্ব' প্রশ্নে পররাষ্ট্র প্রতিমন্ত্রীর পাল্টা প্রশ্ন, 'কে নিউজ করছে? কার এত জ্বালা?'

ব্রিটিশ নাগরিকত্ব ত্যাগ করেছেন কিনা, এমন এক প্রশ্নে বাংলাদেশের পররাষ্ট্র প্রতিমন্ত্রী হুমায়ুন কবির পাল্টা প্রশ্ন করেছেন, এ নিয়ে কে নিউজ করেছে, কার এত জ্বালা? আজ সোমবার পররাষ্ট্র মন্ত্রণালয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এ কথা বলেন তিনি। সাংবাদিকরা তাকে বলেন যে, তার ব্রিটিশ নাগরিকত্ব নিয়ে আলোচনা উঠেছে এবং বিষয়টি গণমাধ্যমেও এসেছে। নেটিজেনরা এ নিয়ে সামাজিক মাধ্যমে প্রশ্ন তুলেছেন, কোথাও কোথাও নিউজও হয়েছে বলে সাংবাদিকরা তাকে জানান। এ বিষয়ে তার বক্তব্য কী, জানতে চাইলে তিনি 'হ্যাঁ' বা 'না' সূচক কোনো উত্তর না দিয়ে বলেন, "আমি তো সিটিজেন নিয়ে আছি, আপনি বলেন নেটিজেন! মানে কোন নেটিজেন? আমি তো সিটিজেন নিয়ে আছি, কাজ করি। আপনি বলেন নেটিজেন! তো মানে কোন নিউজ পেপার? কার এত জ্বালা যে, মানে কাজ করতে দেবে না, হ্যাঁ? তো তার জ্বালা কেন হচ্ছে? ২০০৮-এর জ্বালা উঠছে নাকি আবার? মইনউদ্দিন-ফখরুদ্দীনের জ্বালা উঠছে তার আবার? নাকি?" "আমি বাংলাদেশি। এখানে তো বাংলাদেশের মিনিস্টারের... বাংলাদেশি। আমি মনে করি না, এমন কেউ আছে, যে আমার বাংলাদেশিজম বা আমার অবস্থান নিয়ে প্রশ্ন করবে। মানে, এখানে এসে বাংলাদেশের জন্য কাজ তো কোনো সুবিধাবাদী লোক আর করবে না," যোগ করেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী হুমায়ুন কবির। তিনি আরও জানান, "দেশের পক্ষে জোরালো অবস্থান নেওয়াসহ দেশপ্রেমিক মানুষ যারা আছি, দেশের পক্ষে যারা আছি, সমস্ত মিডিয়া-দেশবাসী-রাজনৈতিক নেতৃবৃন্দ যারা আছি...সবাই মিলে এই দেশকে এগিয়ে নিয়ে যাবো।" এসময় মক্কা যৌথ প্রতিরক্ষা চুক্তিতে বাংলাদেশের যুক্ত হতে চাওয়া প্রসঙ্গেও তিনি বলেন, "মক্কা বাংলাদেশের হৃদয়ে, মানুষের হৃদয়ে। তো মানে ওখানে...মিডিল ইস্টে একটা...মানে যদি ইসলামিক নেশনসদের মধ্যে একটা সিকিউরিটি প্যাক্টও হয়, তাহলে ওখানে তো আর অস্বাভাবিক না যাওয়া। দেখা যাক কী হয়।

(বিবিসি ওয়েব পেজ : ২৪.০৮.২০২৬ আলী আহমেদ)

## ফৌজদারি অপরাধ তদন্তের ক্ষমতা পাচ্ছে আর্মড পুলিশ ব্যাটালিয়ন

আর্মড পুলিশ ব্যাটালিয়ন বা এপিবিএনকে ফৌজদারি অপরাধ তদন্তের ক্ষমতা দেওয়ার প্রস্তাব রেখে 'আর্মড পুলিশ ব্যাটালিয়ন আইন, ২০২৬'-এর খসড়া অনুমোদন করেছে মন্ত্রিসভা। আজ সোমবার মন্ত্রিসভার ১৮তম বৈঠকে খসড়াটি নীতিগত ও চূড়ান্ত অনুমোদন দেওয়া হয়। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের উদ্যোগে বিদ্যমান আইনে বেশ কিছু পরিবর্তন এনে এ অনুমোদন দেওয়া হয়। প্রস্তাবিত আইনে ফৌজদারি কার্যবিধি ও প্রচলিত অন্যান্য আইন মেনে এপিবিএনের সদস্যদের

ফৌজদারি অপরাধ তদন্ত ও কার্যক্রম পরিচালনার ক্ষমতা দেওয়ার প্রস্তাব করা হয়েছে। এ ছাড়া, এ ব্যাটালিয়নকে জননিরাপত্তা, ভিআইপি ও সরকার ঘোষিত স্থাপনার নিরাপত্তার পাশাপাশি সন্ত্রাস, মাদক, মানবপাচার, ধর্ষণ ও মানবতাবিরোধী কাজে জড়িতদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া এবং অন্যান্য আইন-শৃঙ্খলা বাহিনীকে সহায়তার দায়িত্ব দেওয়ার প্রস্তাব রয়েছে প্রস্তাবিত আইনে। খসড়া অনুযায়ী, এপিবিএন পুলিশের একজন অতিরিক্ত মহাপরিদর্শকের নিয়ন্ত্রণ ও তত্ত্বাবধানে পরিচালিত হবে। প্রস্তাবিত আইনে বিশেষ আদালত ও সংক্ষিপ্ত আদালত গঠন এবং বিচার পদ্ধতির বিধান রাখার কথাও বলা হয়েছে। এই আইনটি হলে বর্তমানে কার্যকর 'দ্য আর্মড পুলিশ ব্যাটালিয়নস অর্ডিন্যান্স, ১৯৭৯' রহিত হবে। খসড়া আইনটি জনমত যাচাইয়ের জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।(বিবিসি ওয়েব পেজ : ২৪.০৮.২০২৬ আলী আহমেদ)

## কানাডার গাড়ি ও গাড়ির যন্ত্রাংশের ওপর আরও শুল্ক আরোপের হুমকি ট্রাম্পের

কানাডা থেকে আমদানি করা গাড়ি, ট্রাক ও গাড়ির যন্ত্রাংশের ওপর শুল্ক বাড়ানোর ঘোষণা দিয়েছেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। আগামী জানুয়ারি থেকে এসব পণ্যের ওপর শুল্ক বর্তমান ২৫ শতাংশ থেকে বাড়িয়ে ৫০ শতাংশ করা হবে বলে জানিয়েছেন তিনি। ট্রাম্পের অভিযোগ, কানাডা বছরের পর বছর ধরে যুক্তরাষ্ট্রের কাছ থেকে অন্যায্য সুবিধা নিয়েছে এবং মার্কিন কৃষকদের পণ্যের ওপর কানাডা 'অযৌক্তিকভাবে বেশি' শুল্ক আরোপ করেছে। একইসঙ্গে, বাণিজ্যের ক্ষেত্রে কানাডাকে বিশ্বের 'সবচেয়ে খারাপ দেশগুলোর একটি' বলেও মন্তব্য করেন ট্রাম্প। নিজের সামাজিক যোগাযোগমাধ্যম ট্রুথ সোশ্যালে ডোনাল্ড ট্রাম্প লিখেছেন, "যুক্তরাষ্ট্রে উৎপাদন করুন, তাহলে কোনো শুল্ক দিতে হবে না। কানাডাকে আর একটি অঙ্গরাজ্যের মতো বিবেচনা করা হবে না।"
(বিবিসি ওয়েব পেজ : ২৪.০৮.২০২৬ আলী আহমেদ)

## ব্রিটেনের স্টর্ম শ্যাডো দূরপাল্লার ক্ষেপণাস্ত্র তৈরির প্রযুক্তি পাচ্ছে ইউক্রেন

যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব নেওয়ার পর প্রথম বিদেশ সফরে আজ ইউক্রেনে গেছেন অ্যান্ডি বার্নহ্যাম। সোভিয়েত ইউনিয়ন থেকে ইউক্রেনের স্বাধীনতার ৩৫ বছর পূর্তির দিনে এই সফর করছেন তিনি। এই সফরে বার্নহ্যাম একটি চুক্তির ঘোষণা দেবেন, যার আওতায় ব্রিটিশ স্টর্ম শ্যাডো ক্ষেপণাস্ত্রের প্রযুক্তি ব্যবহার করে ইউক্রেন নিজের দেশেই দূরপাল্লার ক্ষেপণাস্ত্র তৈরি করতে পারবে। ইউক্রেনকে সমর্থন দেওয়া ৩৫টির বেশি দেশের জোট 'কোয়ালিশন অব দ্য উইলিং'- এর বৈঠকেও প্রথমবার সভাপতিত্ব করবেন ব্রিটিশ প্রধানমন্ত্রী। ইউক্রেনের প্রেসিডেন্ট হলেন ভলোদিমির জেলেনস্কির সঙ্গেও বৈঠক করবেন তিনি। প্রায় এক মাস আগে ইংল্যান্ডের পোর্টসমাউথে তাদের প্রথম বৈঠক হয়েছিল।(বিবিসি ওয়েব পেজ : ২৪.০৮.২০২৬ আলী আহমেদ)

# রেডিও তেহরান

## আগ্রাসীর শর্তের ভিত্তিতে যুদ্ধের সমাপ্তি হতে দেব না : ইরান

ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র ইসমাইল বাকায়ি বলেছেন, ইরান যুদ্ধ শুরু করেনি, তবে আগ্রাসী পক্ষের শর্তের ভিত্তিতে যুদ্ধের সমাপ্তি নির্ধারণ করতেও দেবে না। মেহের বার্তা সংস্থার সাংবাদিকের উদ্ধৃতি দিয়ে পার্সটুডে জানিয়েছেন, ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র ইসমাইল বাকায়ি আজ সোমবার এক সংবাদ সম্মেলনে বলেন, আগ্রাসী পক্ষগুলোর সঙ্গে কোনো ধরনের আপস করা হবে না। ইরান যুদ্ধের সূচনা করেনি; বরং নিজেদের ভূখণ্ডের সার্বভৌমত্ব রক্ষায় প্রতিরোধ করেছে। তিনি বলেন, "আমরা অবশ্যই যুদ্ধের সূচনা করিনি, কিন্তু আগ্রাসনকারীর শর্তে যুদ্ধের সমাপ্তি ঘটতে দেব না।" হরমুজ প্রণালি খোলা থাকার বিষয়ে মার্কিন কর্মকর্তাদের দাবি প্রসঙ্গে তিনি বলেন, প্রতিপক্ষের পরিচালিত মনস্তাত্ত্বিক ও গণমাধ্যমভিত্তিক যুদ্ধের অংশ হিসেবেই এ ধরনের দাবি করা হচ্ছে, বাস্তবে বিষয়টি এমন নয়। পাকিস্তানের সেনাপ্রধান আসিম মুনিরের তেহরান সফরের প্রসঙ্গ টেনে তিনি বলেন, ইরান ও পাকিস্তানের দ্বিপক্ষীয় সম্পর্ক বর্তমানে অন্যতম সেরা পর্যায়ে রয়েছে। উভয় দেশই সব ক্ষেত্রে এই সম্পর্ক আরও সম্প্রসারণে দৃঢ়প্রতিজ্ঞ। ইরানের বিরুদ্ধে যুক্তরাষ্ট্রের অর্থনৈতিক যুদ্ধ প্রসঙ্গে বাকায়ি বলেন, যে যুক্তরাষ্ট্র ইরানি জনগণকে সহায়তা করার কথা বলেছিল, তারাই এখন ইরানিদের শাস্তি দিতে সব ধরনের উপায় ব্যবহার করছে। এ বিষয়ে প্রয়োজনীয় সতর্কবার্তা দেওয়া হয়েছে বলেও জানান তিনি। তিনি আরও বলেন, বর্তমানে ইরানের সমুদ্রপথ অবরোধ করা একটি আগ্রাসী পদক্ষেপ। আমাদের হাত বাঁধা নেই। পরিণতি ভালো হবে না। আন্তর্জাতিক আইন অনুযায়ী, অন্য দেশগুলো যুক্তরাষ্ট্রের সঙ্গে এ ধরনের কর্মকাণ্ডে সহযোগিতা করার অধিকার রাখে না বলেও তিনি উল্লেখ করেন।
(রেডিও তেহরান ওয়েব পেজ : ২৪.০৮.২০২৬ নারগীস)

## পশ্চিম এশিয়ায় ১৫ মার্কিন সামরিক ঘাঁটির কার্যক্রম বন্ধের পথে

ইরানকে ধ্বংসের লক্ষ্য নিয়ে যুদ্ধ শুরু করা যুক্তরাষ্ট্র এখন পশ্চিম এশিয়ায় অন্তত ১৫টি সামরিক ঘাঁটি বন্ধ করার কথা ভাবছে। মার্কিন সংবাদমাধ্যম এমএসএনও-এর নিরাপত্তা বিশ্লেষক ব্রি ম্যাকক্যাফরি রোববার সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে দেওয়া এক পোস্টে লিখেছেন, "আমার মতে, মার্কিন সেনাবাহিনী পারস্য উপসাগরীয় অঞ্চলে তাদের ১৫টি সামরিক ঘাঁটিতে প্রবেশাধিকার স্থায়ীভাবে হারিয়েছে।" এমএসএনও-এর এই নিরাপত্তা বিশ্লেষক ও অবসরপ্রাপ্ত মার্কিন জেনারেল আরও লিখেছেন, বর্তমানে পারস্য উপসাগরের আরব দেশগুলোতে প্রবেশের নিয়ন্ত্রণ

ইরানের হাতে রয়েছে। ফলে পশ্চিম সৌদি আরব, ইসরায়েল ও দক্ষিণ ইউরোপে নতুন করে প্রবেশাধিকার পেতে যুক্তরাষ্ট্রকে আলোচনায় বসতে হবে। এর কয়েক দিন আগেও ওয়াশিংটন পোস্ট সংশ্লিষ্ট সূত্র ও কর্মকর্তাদের বরাতে জানিয়েছিল, যুদ্ধের পর পারস্য উপসাগরীয় অঞ্চলে মার্কিন সামরিক উপস্থিতি কমানোর কথা ভাবছে পেন্টাগন। যুক্তরাষ্ট্রও তাদের সামরিক ঘাঁটিগুলোর কার্যক্রম যুদ্ধের আগের অবস্থার মতো চালাতে চায় না। পেন্টাগনের এই সিদ্ধান্তের কারণ হিসেবে ইরানের সঙ্গে যুদ্ধ চলাকালে মার্কিন সামরিক সরঞ্জাম ও স্থাপনাগুলোর ব্যাপক ক্ষয়ক্ষতির কথা উল্লেখ করা হয়েছে।(রেডিও তেহরান ওয়েব পেজ : ২৪.০৮.২০২৬ নারগীস)

## এনএইচকে

### মার্কিন নিষেধাজ্ঞা পরিকল্পনা সামরিক ক্ষেত্রে পরাজয়েরই স্বীকৃতি : ইরানের আইআরজিসি

ইরানের ইসলামিক রেভোলিউশনারি গার্ড কর্পস বা আইআরজিসি জানিয়েছে, তেহরানের বিরুদ্ধে নতুন অর্থনৈতিক নিষেধাজ্ঞা আরোপের মার্কিন পরিকল্পনাটি সামরিক ক্ষেত্রে ওয়াশিংটনের ব্যর্থতার একটি "পরোক্ষ স্বীকারোক্তি"। ইরানের রাষ্ট্রীয় সংবাদমাধ্যম প্রেস টিভি জানিয়েছে, আইআরজিসির মুখপাত্র হোসেইন মোহেব্বি রবিবার সাংবাদিকদের কাছে এই মন্তব্য করেন। তেহরানের সাথে আলোচনা স্থবির হয়ে পড়ার পর ইরান এবং তাকে সাহায্যকারী দেশগুলোর বিরুদ্ধে একটি 'অর্থনীতি ধ্বংস করে দেওয়ার অভিযান' শুরু করার বিষয়ে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সাম্প্রতিক বক্তব্যের প্রতিক্রিয়া জানাতে গিয়ে মোহেব্বি এই কথা বলেন। প্রেস টিভি মোহেব্বির উদ্ধৃতি দিয়ে জানায় যে তিনি বলেছেন, "মার্কিন যুক্তরাষ্ট্র যদি সামরিক ক্ষেত্রে সাফল্য অর্জন করতে পারত, তবে তাদের অর্থনৈতিক যুদ্ধ বেছে নেওয়ার কোনো প্রয়োজনই হতো না।" মুখপাত্র জোর দিয়ে বলেন যে, ইরান যুক্তরাষ্ট্রের কঠোর নিষেধাজ্ঞার কাছে নতি স্বীকার করবে না। তিনি বলেন, "আমরা সহজেই বিভিন্ন দেশের সাথে অর্থনৈতিক সম্পর্ক স্থাপন করতে পারি। অর্থনৈতিক পরিস্থিতি নিয়ে উদ্বেগের কোনো কারণ নেই।" ইরানের পারস্য উপসাগরীয় প্রণালি কর্তৃপক্ষও অনমনীয় এক অবস্থান গ্রহণ করেছে। রবিবার সামাজিক যোগাযোগ মাধ্যমে দেওয়া এক পোস্টে সংস্থাটি জানিয়েছে, হরমুজ প্রণালি ব্যবহারের ক্ষেত্রে ইরানের নিয়ম লঙ্ঘনকারী জাহাজগুলোকে "ভবিষ্যতে যাতায়াতের ক্ষেত্রে জরিমানা, আটক বা বাজেয়াপ্তকরণসহ কঠোর বিধিনিষেধের মুখোমুখি হতে হবে।"(এনএইচকে ওয়েব পেজ: ২৪.০৮.২০২৬ রুবাইয়া)

## ডয়চে ভেলে

### বাংলাদেশে এলএনজি সংকট কাটছে না

বাংলাদেশে সরাসরি ক্রয়পদ্ধতিতে (ডিপিএম) ক্রয়াদেশ দেওয়া তরলীকৃত প্রাকৃতিক গ্যাসের (এলএনজি) একটি কার্গো দেশে না আসায় বিপাকে পড়েছে সরকার। ডিডাব্লিউর কনটেন্ট পার্টনার প্রথম আলো জানাচ্ছে, এখন চাহিদা মতো এলএনজি পাওয়া যাচ্ছে না। এদিকে, আগস্টের জন্য তিন কার্গো এলএনজি কিনতে তিন দফায় দরপত্র ডেকে পাওয়া গেছে দুটি। ফলে গ্যাসের সরবরাহ বাড়ানো যাচ্ছে না, সংকটও কাটছে না। জ্বালানি বিভাগের অনুমোদনে এলএনজি আমদানি তদারক করে পেট্রোবাংলা। আমদানির দায়িত্বে রয়েছে পেট্রোবাংলার কোম্পানি রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানি লিমিটেড (আরপিজিসিএল)। এলএনজি সরবরাহের সঙ্গে যুক্ত তিন দায়িত্বশীল কর্মকর্তা প্রথম আলোকে বলেছেন, প্রতি দরপত্রে এলএনজির দাম বাড়ছে। ডিপিএম না করে আগে দরপত্র ডাকা হলে কম দামে এলএনজি পাওয়া যেতো। পেট্রোবাংলা ও আরপিজিসিএল সূত্র বলছে, আগস্টের তিনটি ও সেপ্টেম্বরের প্রথম সপ্তাহের জন্য দুটি এলএনজি কার্গো কিনতে ১৭ আগস্ট দরপত্র আহ্বান করা হয়। ওইদিন ২৩-২৪ আগস্ট ও আগামী ৪-৫ সেপ্টেম্বরের দুটি কার্গোয় ২২ ডলারের কম দাম দিয়ে সর্বনিম্ন দরদাতা হয় ব্রিটিশ পেট্রোলিয়াম (বিপি)। অন্য তিনটির জন্য আবার দরপত্র আহ্বান করা হয় ১৮ আগস্ট। এবার ১-২ সেপ্টেম্বরের জন্য ২৪ ডলারের নিচে দর দিয়ে সর্বনিম্ন দরদাতা হয় সৌদি আরামকো। তৃতীয় দফায় ১৯ আগস্ট দুটির জন্য দরপত্র আহ্বান করা হয়। এতে ২৬-২৭ আগস্টের কার্গো দিতে ২৫ দশমিক ৩১ ডলার দর দিয়ে সর্বনিম্ন হয় বিপি। আর ২৯-৩০ আগস্টের কার্গোতে দর এসেছিল আরও বেশি, তাই এটি না কেনার সিদ্ধান্ত নিয়েছে সরকার। সেপ্টেম্বরের জন্য আরও তিনটি কার্গো কিনতে গতকাল দরপত্র আহ্বান করা হয়েছে। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ২৪.০৮.২০২৬ রনি)

### বাংলাদেশেও ম্যাচ খেলতে চায় ব্রাজিল ফুটবল দল

ভারতের পাশাপাশি বাংলাদেশের বিরুদ্ধেও ম্যাচ খেলতে চায় ব্রাজিল ফুটবল দল। ডিডাব্লিউর কনটেন্ট পার্টনার প্রথম আলো জানাচ্ছে, ফিফা আসিয়ান কাপ শেষ হওয়ার পর ঢাকায় এসে বাংলাদেশের বিপক্ষে খেলতে চায় ব্রাজিল ফুটবল দল। রোববার ব্রাজিলের পাঁচ সদস্যের প্রতিনিধিদল বিমানবন্দর থেকে সরাসরি জাতীয় স্টেডিয়ামে যান। তারা, মাঠ-ড্রেসিংরুম থেকে শুরু করে গ্যালারি ও মিডিয়াবক্স ঘুরে দেখেন। আগামী সেপ্টেম্বরের ফিফা উইন্ডো শেষ হবে ৬ অক্টোবর। সেই সময়ের মধ্যেই বাংলাদেশের বিপক্ষে ঢাকার জাতীয় স্টেডিয়ামে একটি প্রীতি ম্যাচ খেলার প্রস্তাব দিয়েছে ব্রাজিল ফুটবল কনফেডারেশন (সিবিএফ)। বাফুফের একটি দায়িত্বশীল সূত্র প্রথম আলোকে এ তথ্য জানিয়েছে। ব্রাজিল আগামী ৫ অথবা ৬ অক্টোবর ম্যাচটি আয়োজনের প্রস্তাব দিয়েছে। বাংলাদেশের বিপক্ষে খেলতে প্রায় ৯০ সদস্যের বহর নিয়ে ঢাকায় আসতে চায় পাঁচবারের বিশ্ব চ্যাম্পিয়নরা। ইন্দোনেশিয়ায় আসিয়ান কাপের ফাইনাল ৩ অক্টোবর। ২৪ সেপ্টেম্বর শুরু টুর্নামেন্টটিতে গ্রুপ পর্বে তিনটি ম্যাচ খেলার কথা বাংলাদেশের। জাতীয়

দলের ব্যস্ততা বিবেচনায় বাফুফে তাৎক্ষণিকভাবে ব্রাজিলকে চূড়ান্ত সিদ্ধান্ত জানায়নি। আগামী ৩ অক্টোবর কলকাতায় ভারত জাতীয় দলের বিপক্ষে প্রীতি ম্যাচ খেলবে ব্রাজিল। মূলত এই ম্যাচটি খেলার জন্যই ভারতের ফুটবল ফেডারেশন ফিফা আসিয়ান কাপ থেকে নাম সরিয়ে নিয়েছিল। পরে তাদের জায়গায় বাংলাদেশকে আমন্ত্রণ জানায় ফিফা।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ২৪.০৮.২০২৬ রনি)

# জাগো নিউজ

## সৌদি বাদশাহ ও যুবরাজকে বাংলাদেশ সফরের আমন্ত্রণ জানিয়েছেন রাষ্ট্রপতি

সৌদি বাদশাহ সালমান বিন আবদুল আজিজ এবং যুবরাজ মোহাম্মাদ বিন সালমানকে বাংলাদেশ সফরের আমন্ত্রণ জানিয়েছেন রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীর। ঢাকায় নিযুক্ত সৌদি রাষ্ট্রদূত ড. আবদুল্লাহ জাফর এইচ বিন আবিয়া সোমবার (২৪ আগস্ট) বঙ্গভবনে রাষ্ট্রপতির সঙ্গে সাক্ষাৎ করতে গেলে তিনি এ আমন্ত্রণ জানান। রাষ্ট্রপতির প্রেস সচিব মো. সরওয়ার আলম গণমাধ্যমকে এ তথ্য জানিয়েছেন। সাক্ষাৎকালে সৌদি রাষ্ট্রদূত দেশটির বাদশাহ সালমান বিন আবদুল আজিজ ও যুবরাজ মোহাম্মাদ বিন সালমানের পক্ষ থেকে মির্জা ফখরুল ইসলাম আলমগীরকে রাষ্ট্রপতি হিসেবে দায়িত্ব নেওয়ার জন্য অভিনন্দন জানান। সৌদি রাষ্ট্রদূতকে স্বাগত জানিয়ে রাষ্ট্রপতি বর্তমান বৈশ্বিক জ্বালানি সংকট পরিস্থিতিতে সৌদি আরবকে বাংলাদেশের পাশে থেকে সহযোগিতার আহ্বান জানান। একইসঙ্গে দুই দেশের সরকারি ও বেসরকারি পর্যায়ে বাণিজ্য ও বিনিয়োগ বাড়ানোর ওপর গুরুত্ব আরোপ করেন তিনি। এছাড়া বাংলাদেশি হজযাত্রীদের সফর আরও সুগম এবং হাজিদের কষ্ট লাঘবের জন্য বিশেষ করে মিনায় গোসলখানা ও শৌচাগার সুবিধা উন্নয়নের আহ্বান জানান রাষ্ট্রপতি। এ বিষয়ে সৌদি রাষ্ট্রদূত যথাযথ ব্যবস্থা নেওয়ার আশ্বাস দেন। সৌদি আরবে ৩৫ লাখেরও বেশি বাংলাদেশি শ্রমিক কাজ করছেন উল্লেখ করে দেশটির প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন রাষ্ট্রপতি। একইসঙ্গে ভবিষ্যতেও বাংলাদেশ থেকে অগ্রাধিকার ভিত্তিতে জনশক্তি নেওয়ার আহ্বান জানান তিনি। রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীর সৌদি রাষ্ট্রদূতের মাধ্যমে সৌদি বাদশাহ এবং যুবরাজকে সুবিধাজনক সময়ে বাংলাদেশ সফরের আমন্ত্রণ জানান। রাষ্ট্রপতি বলেন, সৌদি আরবের সঙ্গে বাংলাদেশের সম্পর্ক অত্যন্ত চমৎকার। তিনি দুই দেশের দ্বিপক্ষীয় সম্পর্ক ও সহযোগিতা আরও জোরদারের ওপর গুরুত্ব আরোপ করেন। মির্জা ফখরুল ইসলাম আলমগীর সৌদি বাদশাহ ও যুবরাজের নেতৃত্বের প্রশংসা করে মুসলিম উম্মাহর কল্যাণে তাদের নেতৃত্বের জন্য শুভেচ্ছা জানান এবং সৌদি আরবের প্রতি সংহতি প্রকাশ করেন। সৌদি রাষ্ট্রদূত এসময় জ্বালানি, সহায়তা ও বিনিয়োগ অব্যাহত রাখার আশ্বাস দেন।সাক্ষাৎকালে রাষ্ট্রপতির সচিব, সামরিক সচিব, প্রেস সচিবসহ পররাষ্ট্র মন্ত্রণালয়ের ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। মির্জা ফখরুল ইসলাম আলমগীর রাষ্ট্রপতি হিসেবে দায়িত্ব নেওয়ার পর এটিই কোনো বিদেশি কূটনীতিকের সঙ্গে তার প্রথম সাক্ষাৎ। এ কারণে সাক্ষাৎটি বিশেষ তাৎপর্য বহন করে।
(জাগো নিউজ ওয়েব পেজ: ২৪.০৮.২০২৬ রুবাইয়া)

## মেয়েদের সর্বজনীন উপবৃত্তি চালুর সম্ভাবনা পর্যালোচনার নির্দেশ প্রধানমন্ত্রীর

ষষ্ঠ শ্রেণি থেকে স্নাতক পর্যন্ত মেয়েদের জন্য সর্বজনীন উপবৃত্তি পুনরায় চালুর সম্ভাবনা পর্যালোচনার নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। একই সঙ্গে ছেলেদের শিক্ষায় উৎসাহিত করতে মেধা ও যোগ্যতার ভিত্তিতে উপবৃত্তি দেওয়ার বিষয়েও আলোচনা হয়েছে। সোমবার (২৪ আগস্ট) বাংলাদেশ সচিবালয়ের মন্ত্রিপরিষদ বিভাগের প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রধানমন্ত্রীর সভাপতিত্বে এ বৈঠক অনুষ্ঠিত হয়। প্রধানমন্ত্রীর ডেপুটি প্রেস সেক্রেটারি শাহাদাৎ স্বাধীন এ তথ্য জানান। বৈঠকে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের চলমান কার্যক্রম, এর লক্ষ্য ও উদ্দেশ্য এবং শিক্ষার্থীদের শিক্ষাজীবনে আর্থিক সহায়তা দেওয়ার মাধ্যমে ঝরে পড়া রোধে ট্রাস্টের ভূমিকা সম্পর্কে প্রধানমন্ত্রীকে বিস্তারিতভাবে অবহিত করা হয়। এ সময় সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার আমলে মেয়েদের জন্য চালু হওয়া সর্বজনীন উপবৃত্তি কর্মসূচির প্রভাব ও অর্জন নিয়েও আলোচনা হয়। ওই সময় মেয়েদের বিদ্যালয়ে উপস্থিতি ও শিক্ষাজীবন অব্যাহত রাখা এবং বাল্যবিয়ে নিরুৎসাহিত করার ক্ষেত্রে সর্বজনীন উপবৃত্তির ইতিবাচক প্রভাবের বিষয়গুলো বৈঠকে উঠে আসে। এর পরিপ্রেক্ষিতে ষষ্ঠ শ্রেণি থেকে স্নাতক পর্যন্ত মেয়েদের জন্য সর্বজনীন উপবৃত্তি পুনরায় চালুর সম্ভাবনা পর্যালোচনার নির্দেশ দেন প্রধানমন্ত্রী। এ বিষয়ে সম্ভাব্য ব্যয়, উপকারভোগীর সংখ্যা, বাস্তবায়ন পদ্ধতি এবং প্রত্যাশিত সামাজিক ও শিক্ষাগত প্রভাব বিশ্লেষণ করে একটি সুস্পষ্ট প্রস্তাব প্রণয়নের ওপর গুরুত্বারোপ করা হয়। একইসঙ্গে ছেলেদের শিক্ষায় উৎসাহিত করতে মেধা ও যোগ্যতার ভিত্তিতে উপবৃত্তি দেওয়ার বিষয়েও বৈঠকে আলোচনা হয়। বৈঠকে শিক্ষার্থীদের পুষ্টি ও স্বাস্থ্য সুরক্ষার বিষয়টিকেও শিক্ষার মানোন্নয়নের সঙ্গে সমান গুরুত্ব দেওয়া হয়। বিদ্যালয় পর্যায়ে মিড-ডে মিল কার্যক্রমের ব্যবস্থাপনা, খাবারের পুষ্টিমান এবং শিশুদের জন্য নিরাপদ খাদ্য প্রস্তুত ও সরবরাহ নিশ্চিত করার বিভিন্ন দিক নিয়ে বিস্তারিত আলোচনা হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৮.২০২৬ রিহাব)

## কলকাতায় হোটেল ছাড়তে হচ্ছে বাংলাদেশিদের, থাকার খরচ বেড়ে তিনগুণ

কলকাতায় নিউমার্কেট এলাকার মির্জা গালিব স্ট্রিটে ভয়াবহ অগ্নিকাণ্ডের পর হঠাৎ বদলে গেছে আবাসিক হোটেলগুলোর চিত্র। গত ১৮ আগস্ট 'শিখা ইন' হোটেলে আগুনে ঘুমন্ত অবস্থায় নয়জনের মৃত্যু হয়। নিহতদের মধ্যে সাতজন ছিলেন বাংলাদেশি নাগরিক। এই ঘটনার পর কলকাতা পৌরসভা, ফায়ার সার্ভিস ও কলকাতা পুলিশ

নিউমার্কেট এলাকার বিভিন্ন হোটেলের বিরুদ্ধে অভিযান শুরু করেছে। কলিন স্ট্রিট, রফি আহমেদ স্ট্রিট, মির্জা গালিব স্ট্রিট, ফ্রি স্কুল স্ট্রিট, সদর স্ট্রিট ও মার্কুইস স্ট্রিটসহ বিভিন্ন এলাকার অনেক হোটেল বন্ধের নোটিশ দেওয়া হয়েছে। হোটেলগুলোর একটি বড়ো অংশের ফায়ার সার্ভিসের প্রয়োজনীয় লাইসেন্স না থাকায় এ ব্যবস্থা নেওয়া হয়েছে বলে জানা গেছে। নিউমার্কেট এলাকার কয়েকটি হোটেলে অবস্থান করছিলেন বহু বাংলাদেশি পর্যটক। তাদেরও হোটেল ছাড়তে বলা হয়েছে। হোটেল মালিকদের একজন নাম প্রকাশ না করার শর্তে জাগো নিউজকে জানান, তার হোটেলে প্রায় ৫০ জন বাংলাদেশি পর্যটক ছিলেন। সোমবার (২৪ আগস্ট) তাদের হোটেল ছাড়তে বলা হয়। এর আগের দিন রোববার কলকাতা পৌরসভা ও পুলিশ এসে হোটেল খালি করার নির্দেশ দিয়ে যায় বলে জানান তিনি। হোটেল কর্তৃপক্ষ বলছে, প্রশাসনের এই সিদ্ধান্তের কারণে বাংলাদেশি নাগরিকদের পাশাপাশি হোটেল ব্যবসার সঙ্গে যুক্ত মানুষেরাও সমস্যায় পড়েছেন। নিউমার্কেটের ব্যবসায়ীদের ভাষ্য, হোটেল না পেয়ে বাংলাদেশি পর্যটকরা কলকাতার পার্ক স্ট্রিট, মেহেদি বাগান, পার্ক সার্কাস ও জাকারিয়া স্ট্রিটের দিকে যাচ্ছেন। এসব এলাকার যে-সব হোটেল এখনো বন্ধের নোটিশ পায়নি, সেগুলোতে চাপ বেড়েছে। ফলে স্বাভাবিক সময়ের তুলনায় হোটেল ভাড়া বেড়েছে। কোথাও দ্বিগুণ, আবার কোথাও তিনগুণ ভাড়া নেওয়া হচ্ছে বলে অভিযোগ করেছেন সংশ্লিষ্টরা। গ্রিন লাইনের ম্যানেজার শ্যামল ঘোষ বলেন, এখন বাংলাদেশ থেকে অনেক পর্যটক আসছেন। ঢাকা থেকে আসা গাড়িগুলো প্রায় পূর্ণ থাকছে। কিন্তু মার্কুইস স্ট্রিটে থাকার জায়গা পাওয়া যাচ্ছে না। আশপাশের সদর স্ট্রিট, পার্ক সার্কাস, মেহেদি বাগান, পার্ক স্ট্রিট ও জাকারিয়া স্ট্রিটের হোটেলগুলোতে চলে যাচ্ছেন অনেকে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৮.২০২৬ রিহাব)

**৮ মাসে ৯৫ কারখানা বন্ধ, কর্মসংস্থান হারিয়েছে ৬২ হাজার : সিপিডি**

নতুন সরকারের প্রথম ৬ মাসে অর্থনীতিতে কিছু ইতিবাচক পরিবর্তন এলেও সামগ্রিকভাবে নেতিবাচক প্রবণতাই বেশি বলে মনে করছে বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি)। প্রতিষ্ঠানটির হিসাবে, চলতি অর্থবছরে সরকারের রাজস্ব ঘাটতি ১ লাখ ৩০ হাজার থেকে ১ লাখ ৪০ হাজার কোটি টাকা হতে পারে। একই সময়ে জানুয়ারি থেকে আগস্ট পর্যন্ত দেশের তিন প্রধান শিল্পাঞ্চলে ৯৫টি কারখানা স্থায়ীভাবে বন্ধ হয়ে ৬১ হাজার ৮৮১ জনের কর্মসংস্থান হারিয়েছে। সোমবার (২৪ আগস্ট) সকালে সিপিডির আয়োজনে 'নতুন সরকারের প্রথম ছয় মাস: একটি অর্থনৈতিক পর্যালোচনা' শীর্ষক মিডিয়া সংলাপে এসব তথ্য তুলে ধরা হয়। সংলাপে সিপিডির সম্মাননীয় ফেলো ও এসডিজি বাস্তবায়নে নাগরিক প্ল্যাটফর্মের আহ্বায়ক ড. দেবপ্রিয় ভট্টাচার্য বলেন, সরকার দায়িত্ব নেওয়ার সময় অর্থনীতি কাঠামোগত নানা সমস্যার মধ্যে ছিল এবং বৈশ্বিক পরিস্থিতিও অনুকূলে ছিল না। তবে সরকার দায়িত্ব নেওয়ার সময়কার পরিস্থিতি নিয়ে একটি সমন্বিত দলিল তৈরি না করায় এখন বিভিন্ন পদক্ষেপ ও অর্থনৈতিক অগ্রগতি মূল্যায়ন করা কঠিন হচ্ছে। তিনি বলেন, নতুন সরকারের কাছে দুটি বড়ো প্রত্যাশা ছিল-অর্থনৈতিক পুনরুদ্ধার এবং সুশাসন প্রতিষ্ঠা। মূল্যস্ফীতি নিয়ন্ত্রণ, বিনিয়োগ ও কর্মসংস্থান বাড়িয়ে অর্থনীতিকে ঘুরে দাঁড় করানোর প্রত্যাশা থাকলেও সেখানে কিছুটা অস্বস্তি তৈরি হয়েছে। সংলাপে সিপিডির সম্মাননীয় ফেলো অধ্যাপক মোস্তাফিজুর রহমান এবং অতিরিক্ত গবেষণা পরিচালক তৌফিকুল ইসলাম খানও উপস্থিত ছিলেন। ড. দেবপ্রিয় ভট্টাচার্য বলেন, সরকার উত্তরাধিকার সূত্রে কিছু কাঠামোগত সমস্যা পেয়েছে। সরকার দায়িত্ব নেওয়ার সময় বৈশ্বিক পরিস্থিতিও খুব ইতিবাচক ছিল না। ফলে অর্থনীতির উত্তরণের ধারা দুর্বল অবস্থায় ছিল এ বিষয়ে সন্দেহ নেই।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৮.২০২৬ রিহাব)

**বিচারক মামুনুর রশিদকে ফৌজদারি মামলা থেকে বিরত থাকার নির্দেশ**

নুসরাত জাহান রাফি হত্যার মামলার রায় দেওয়া ফেনীর নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের বিচারক মো. মামুনুর রশিদকে ফৌজদারি মামলা থেকে বিরত থাকার নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। এ ব্যাপারে পদক্ষেপ নেওয়ার জন্য আইন মন্ত্রণালয়কে নির্দেশ দিয়েছেন আদালত। মাইন্ডলেস সেন্টেন্স তথা বিচারিক বিবেচনাবোধ প্রয়োগ না করে ১৬ আসামিকে ফাঁসি দেওয়ায় ওই বিচারকের বিরুদ্ধে এমন ব্যবস্থা নেওয়ার নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। সোমবার (২৪ আগস্ট) হাইকোর্টের বিচারপতি ভীষ্মদেব চক্রবর্তী ও বিচারপতি কে এম রাশেদুজ্জামান রাজার সমন্বয়ে গঠিত বেঞ্চ এ আদেশ দেন। এর আগে, আলোচিত এ মামলায় মৃত্যুদণ্ডপ্রাপ্ত ১৬ আসামির মধ্যে দু-জনের মৃত্যুদণ্ড বহাল রেখে রায় দেন হাইকোর্ট। একইসঙ্গে চারজনের যাবজ্জীবন এবং ১০ জনকে খালাস দেন আদালত। মৃত্যুদণ্ড বহাল থাকা আসামিরা হলেন সোনাগাজী ইসলামিয়া ফাজিল (ডিগ্রি) মাদরাসার বহিষ্কৃত অধ্যক্ষ এস এম সিরাজ উদদৌলা ও ওই মাদরাসার ছাত্র শাহাদাত হোসেন ওরফে শামীম। (জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৮.২০২৬ রিহাব)

**রাষ্ট্রীয় প্রতিষ্ঠানকে দলীয় ক্লাবে পরিণত করেছে বিএনপি : নাহিদ ইসলাম**

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক ও বিরোধীদলীয় চিফ হুইপ মো. নাহিদ ইসলাম বলেছেন, রাষ্ট্রীয় প্রতিষ্ঠানকে দলীয় ক্লাবে পরিণত করেছে বিএনপি। গত ৬ মাসে ১৯ থেকে ২০ টি বিশ্ববিদ্যালয়ে দলীয় ভিসি নিয়োগ দেওয়া হয়েছে। ১১টি সিটি করপোরেশন এবং ৬৩ জেলা পরিষদের প্রশাসক নিয়োগ দেওয়া হয়েছে দলীয় লোকদের। এসব জায়গায় মনোনয়ন বঞ্চিত এবং নির্বাচনে হেরে যাওয়া প্রার্থীদের পুনর্বাসন কেন্দ্রে পরিণত করেছে বিএনপি। সোমবার (২৪ আগস্ট) বেলা সাড়ে ১১টায় রাজধানীর বাংলামোটরে দলটির অস্থায়ী কেন্দ্রীয় কার্যালয়ে বিএনপি সরকারের ১৮০ দিনের ব্যর্থতার চিত্র তুলে ধরতে আয়োজিত সংবাদ সম্মেলনে এ কথা বলেন তিনি। নাহিদ ইসলাম

বলেন, সরকার আসার পরই ভয়াবহ জ্বালানি তেল সংকট শুরু হয়েছিল। সে সময় জ্বালানি তেলের দাম রেকর্ড পরিমাণ বাড়ানো হয়েছিল। এতে গণপরিবহণ, সেচ, সারসহ সব খাতে প্রভাব পড়েছে। বর্তমানে গ্যাস চাহিদার ৪৩ শতাংশ ঘাটতি রয়েছে। ঢাকা শহরে চুলা জ্বলছে না। শিল্প কারখানার উৎপাদন কমেছে। তিনি বলেন, গ্যাস সংকটের কারণে ক্রয়াদেশ চলে যাচ্ছে। সরকার অঙ্গীকার করেছিল ক্ষমতাগ্রহণের দুই বছর বিদ্যুতের দাম বাড়াবে না। কিন্তু দুই মাসেই দাম বাড়ালো। এছাড়া লোডশেডিং, ভুতুড়ে বিল আসছে। ক্যাপাসিটি চার্জের বোঝা রয়েছে। অন্তবর্তীকালীন সরকারে সময় একটা জাতীয় কমিটি গঠন করা হয়েছিল। সেই সুপারিশ মানা হচ্ছে না। বর্তমানে কোনো সংকট হলে হয় ফ্যাসিস্ট, না হয় অন্তবর্তী সরকারের ওপর দায় চাপানো হচ্ছে। অথচ এর চাইতে খারাপ পরিস্থিতিতে অন্তবর্তী সরকার দায়িত্ব নিয়েছিল। (জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৮.২০২৬ রিহাব)

## পানি-বর্জ্য ও নবায়নযোগ্য জ্বালানিতে মার্কিন বিনিয়োগ চায় বাংলাদেশ

পানি সরবরাহ, বর্জ্য ব্যবস্থাপনা ও নবায়নযোগ্য জ্বালানি খাতে মার্কিন ব্যবসায়ীদের বাংলাদেশে সরকারি-বেসরকারি অংশীদারত্বের (পিপিপি) মাধ্যমে বিনিয়োগের অনুরোধ জানানো হয়েছে বলে জানিয়েছেন স্থানীয় সরকার প্রতিমন্ত্রী মীর শাহে আলম। সোমবার (২৪ আগস্ট) বাংলাদেশে নিযুক্ত যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত ব্রেন্ট ক্রিস্টেনসেনের সঙ্গে বৈঠকের পর সাংবাদিকদের তিনি এ কথা বলেন। বৈঠকে স্থানীয় সরকার মন্ত্রী ড. আবদুল মঈন খান উপস্থিত ছিলেন। মীর শাহে আলম বলেন, মূলত ছিল সৌজন্য সাক্ষাৎ। এর ফাঁকে সরকারের পলিসি নিয়ে আলোচনা হয়েছে। মন্ত্রিসভায় নতুন যারা এসেছেন, তাদের উনি স্বাগত জানিয়েছেন। বিশেষত মন্ত্রীর (ড. আবদুল মঈন খান) সঙ্গে ওনাদের দীর্ঘদিনের সম্পর্ক, সেই সুবাদে উনার আসা। তিনি বলেন, আমাদের সরকার, সরকারের পলিসি এবং আমাদের ইশতেহারে যে বিষয়গুলো ছিল, সেগুলো আমরা স্থানীয় সরকার মন্ত্রণালয় থেকে গত ৬ মাসে কতদূর নোটিশ করেছি, অগ্রগতি কী, এ বিষয়গুলো নিয়ে মূলত আলোচনা হয়েছে। বৈঠকে যুক্তরাষ্ট্রের ব্যবসায়ীদের বাংলাদেশে বিনিয়োগের সম্ভাবনা নিয়েও আলোচনা হয়েছে জানিয়ে প্রতিমন্ত্রী বলেন, আমাদের এখানে ওয়াটার সাপ্লাই (পানি সরবরাহ), ওয়েস্ট ম্যানেজমেন্ট (বর্জ্য ব্যবস্থাপনা), রিনিউয়েবল এনার্জি (নবায়নযোগ্য জ্বালানি) খাতে যুক্তরাষ্ট্রের ব্যবসায়ীরা পিপিপি ও পাবলিক প্রাইভেট পার্টনারশিপ মডেলে বিনিয়োগ করতে পারে আলোচনা হয়েছে। সেই বিষয়গুলো মার্কিন রাষ্ট্রদূত অফিসিয়ালি নোটিশ করবে বলে জানান রাষ্ট্রদূত। বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের সম্পর্ক আরও গভীর করার বিষয়ে বৈঠকে আলোচনা হয়েছে জানিয়ে মীর শাহে আলম বলেন, বাংলাদেশের সঙ্গে মার্কিন সরকারের যে সুসম্পর্ক রয়েছে, তা যেন আরও গভীর হয় এবং সামনের দিনে যেন সেই সম্পর্ক আরও এগিয়ে নিয়ে যাওয়া যায়, এ ব্যাপারে মন্ত্রী ও রাষ্ট্রদূত একমত হয়েছেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৮.২০২৬ রিহাব)

## মুখ ঝলসানো নয়, মরদেহ পচে যাওয়ায় বিকৃত হয়েছে : ফরেনসিক বিভাগ

রংপুরে অবসরপ্রাপ্ত স্কুলশিক্ষক গণপতি চক্রবর্তী জুয়েল ও তার স্ত্রী এবং দুই সন্তানকে শ্বাসরোধে হত্যা করা হয়েছে। নিহতদের মুখ বিকৃত হয়ে গেলেও কোনো রাসায়নিক পদার্থের ব্যবহার হয়নি। রোববার (২৩ আগস্ট) সন্ধ্যায় ময়নাতদন্তের পর গণমাধ্যমে এসব বিষয় নিশ্চিত করেন রংপুর মেডিকেল কলেজ হাসপাতালের ফরেনসিক মেডিসিন বিভাগের সহকারী অধ্যাপক ডা. বাবলু কিশোর বিশ্বাস। তিনি বলেন, আমরা সবগুলো মরদেহই ময়নাতদন্ত করেছি এবং আমাদের কাছে মনে হয়েছে, এটা শ্বাসরোধ করে হতে পারে। বডি থেকে যে-সব স্যাম্পল রাখা যায় সিআইডির জন্য, সেসব স্যাম্পল আমরা রেখেছি। আমরা এটা সিআইডি ল্যাবে পাঠাবো। সিআইডি ল্যাব থেকে যে রিপোর্ট আসবে, তার ভিত্তিতে অপিনিয়ন পেশ করবো। এছাড়া চোয়াল ভাঙার কোনো সাইন আমরা পাইনি। মুখে রাসায়নিক পদার্থ বা এসিড দিয়ে ঝলসে দেওয়ার বিষয়ে বাবলু কিশোর বিশ্বাস বলেন, এটা পচে যাওয়ার কারণে এরকম দেখা যাচ্ছে। কোনো এসিড বা অন্য কিছু ব্যবহার করা হয়েছে- ওরকম কোনো চিহ্ন নেই।

(জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৮.২০২৬ রিহাব)

## ফারাক্কার সব গেট খুলে দিতে বললেন বিহারের মুখ্যমন্ত্রী

ভারতের বিহারে গঙ্গার পানি বাড়তে থাকায় ফারাক্কা ব্যারাজের সব গেট খুলে দিতে বললেন রাজ্যের মুখ্যমন্ত্রী সম্রাট চৌধুরী। রোববার (২৩ আগট) পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর সঙ্গে ফোনে কথা বলার সময় এ অনুরোধ জানান তিনি। পরে সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে দেওয়া এক পোস্টে বিষয়টি নিজেই জানিয়েছেন বিহারের মুখ্যমন্ত্রী। সম্রাট চৌধুরী বলেন, গঙ্গার পানি বাড়ছে এবং বিহারের বন্যা পরিস্থিতিও উদ্বেগজনক হয়ে উঠেছে। এই পরিস্থিতিতে ফারাক্কা ব্যারাজের সব গেট খুলে দেওয়ার জন্য তিনি পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রীর কাছে অনুরোধ করেছেন। বিহারের মুখ্যমন্ত্রীর দাবি, ফারাক্কার সব গেট খুলে দিলে গঙ্গার পানির প্রবাহ বাড়বে। এটি বিহারের বন্যা পরিস্থিতি নিয়ন্ত্রণে সহায়তা করবে বলে দাবি করেছেন তিনি। সম্রাট চৌধুরী জানান, শুভেন্দু অধিকারী তাকে বিষয়টি নিয়ে দ্রুত পদক্ষেপ নেওয়ার আশ্বাস দিয়েছেন। এদিকে ফারাক্কা ব্যারাজ ও গঙ্গার পানিবণ্টন নিয়ে ১৯৯৬ সালের ভারত-বাংলাদেশ চুক্তির প্রসঙ্গ সামনে এনেছেন ভারতের জনতা দল (ইউনাইটেড) বা জেডিইউয়ের রাজ্যসভার সদস্য সঞ্জয় ঝা। তিনি বলেছেন, চুক্তিটি নবায়নের আগে বিহারের স্বার্থ বিবেচনায় নেওয়া প্রয়োজন। ১৯৯৬ সালে ভারত ও বাংলাদেশের মধ্যে গঙ্গার পানিবণ্টন নিয়ে চুক্তি হয়। সঞ্জয় ঝা বলেন, চুক্তিটি চলতি বছরের ডিসেম্বরে ৩০ বছর পূর্ণ করবে। তার দাবি, বিহারের স্বার্থ বিবেচনা না করে এই চুক্তি নবায়ন করা উচিত হবে না। ভারত ও বাংলাদেশের মধ্যে

৫৪টি অভিন্ন নদী রয়েছে। এর মধ্যে গঙ্গার পানিবণ্টনের বিষয়টি ১৯৯৬ সালের চুক্তির আওতাভুক্ত। ফারাক্কা ব্যারাজকে কেন্দ্র করে শুষ্ক মৌসুমে গঙ্গার পানিবণ্টনের ব্যবস্থা নির্ধারণ করা হয়েছে এই চুক্তিতে। তবে তিস্তা নদীর পানিবণ্টন নিয়ে ভারত ও বাংলাদেশের মধ্যে এখনো সমঝোতা হয়নি। এ নিয়ে দুই দেশের মধ্যে একাধিক দফা আলোচনা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৮.২০২৬ রিহাব)

## নিউইয়র্কে রেস্তোরাঁর বিল নিয়ে বাগ্‌বিতণ্ডা, গুলিতে বাংলাদেশি নিহত

যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে রেস্তোরাঁয় খাবারের বিল পরিশোধ নিয়ে বাগ্‌বিতণ্ডার একপর্যায়ে এক গ্রাহকের গুলিতে ইউসুফ রাজু (৪৪) নামে এক বাংলাদেশি নিহত হয়েছেন। এ ঘটনায় গুলিবিদ্ধ হয়ে চিকিৎসাধীন রাসেল (৩৯)। স্থানীয় সময় রোববার ভোরে ব্রুকলিনের ৮৪২ রকঅ্যাওয়ে অ্যাভিনিউয়ে অবস্থিত 'আমেরিকান বেস্ট উইংস অ্যান্ড পিৎজা' রেস্তোরাঁয় গুলির ঘটনা ঘটে। রেস্তোরাঁ ও স্থানীয় পুলিশ সূত্রে জানা গেছে, রোববার ভোরে এক গ্রাহক খাবারের বিল পরিশোধ না করেই রেস্তোরাঁ থেকে বের হয়ে যাচ্ছিলেন। এ সময় সেখানে কর্মরত রাজু ও রাসেল তাকে বিল পরিশোধ করতে বলেন। এ নিয়ে কথা কাটাকাটির এক পর্যায়ে ওই গ্রাহক পিস্তল বের করে তাদের লক্ষ্য করে কয়েক রাউন্ড গুলি চালিয়ে পালিয়ে যান। স্থানীদের সহায়তায় গুলিবিদ্ধ দু-জনকে দ্রুত উদ্ধার করে কাছের 'ওয়ান ব্রুকলিন হেলথ-ব্রুকডেল ইউনিভার্সিটি হসপিটাল মেডিকেল সেন্টারে' নেওয়া হলে চিকিৎসক রাজুকে মৃত ঘোষণা করেন। নিহত রাজুর মাথায় এবং আহত রাসেলের পায়ে গুলি লেগেছে। ব্রুকলিনে বসবাসরত নোয়াখালী কমিউনিটির এক নেতা এ তথ্য নিশ্চিত করেন। তিনি জানান, ঘটনার খবর পেয়ে নোয়াখালী সোসাইটির পক্ষ থেকে নিহত রাজুর পরিবারের সাথে যোগাযোগ করা হয়েছে। পরিবারের সদস্যরা তার মরদেহ বাংলাদেশে ফিরিয়ে আনার অনুরোধ জানিয়েছেন। পুলিশ জানিয়েছে, নিহত ইউসুফ রাজু ও আহত রাসেল দু-জনেরই গ্রামের বাড়ি নোয়াখালীতে। তিন বছর আগে মেক্সিকো সীমান্ত দিয়ে অবৈধ পথে যুক্তরাষ্ট্রে আসেন রাজু। পরে তিনি সেখানে রাজনৈতিক আশ্রয়ের আবেদন জানান। দেশে তার স্ত্রী, তিন সন্তান ও মা-বাবা রয়েছেন। নিউইয়র্ক পুলিশ (এনওয়াইপিডি) এই হত্যাকাণ্ডের ঘটনার তদন্ত শুরু করেছে। তবে এই রিপোর্ট লেখা পর্যন্ত কাউকে গ্রেফতার করা সম্ভব হয়নি। (জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৮.২০২৬ রিহাব)

## বেবিচক কার্যালয়ে সপ্তাহে একদিন অফিস করবেন বিমানমন্ত্রী

বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয় এবং অধীন সংস্থাগুলোর মধ্যে সমন্বয় বাড়াতে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের (বেবিচক) কার্যালয়ে সপ্তাহে একদিন অফিস করার পরিকল্পনা নিয়েছেন বিমানমন্ত্রী এম রশিদুজ্জামান মিল্লাত। সোমবার (২৪ আগস্ট) বেবিচক সূত্র জাগো নিউজকে জানায়, মন্ত্রীর অফিস করার জন্য সংস্থাটির সদর দপ্তরের ষষ্ঠ তলায় একটি কার্যালয় প্রস্তুত করা হচ্ছে। প্রয়োজনীয় অবকাঠামো ও দাপ্তরিক সুবিধা নিশ্চিত করতে ইতোমধ্যে প্রস্তুতিমূলক কার্যক্রম শুরু হয়েছে। দায়িত্ব গ্রহণের পর মন্ত্রী জানিয়েছিলেন, কাজের সুবিধার্থে পাঁচ কর্মদিবসের মধ্যে একদিন বেবিচক অথবা বিমান বাংলাদেশ এয়ারলাইন্সে অফিস করার আগ্রহ রয়েছে তার। এর মাধ্যমে মন্ত্রণালয়, বেবিচক ও বিমান বাংলাদেশ এয়ারলাইন্সসহ সংশ্লিষ্ট সংস্থাগুলোর মধ্যে সরাসরি সমন্বয় আরও কার্যকর হবে বলে মনে করছেন সংশ্লিষ্টরা। সংশ্লিষ্ট কর্মকর্তারা জানান, বিমান খাতের বড়ো প্রকল্প, বিমানবন্দর উন্নয়ন, নিরাপত্তা ব্যবস্থা, ফ্লাইট পরিচালনা ও প্রশাসনিক সিদ্ধান্ত দ্রুত বাস্তবায়নে মাঠপর্যায়ে মন্ত্রীর উপস্থিতি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। এ ছাড়া প্রশাসনিক কাজে গতি আনা ও দ্রুত সিদ্ধান্ত গ্রহণ নিশ্চিত করতে এ উদ্যোগ নেওয়া হচ্ছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৮.২০২৬ রিহাব)

## অক্টোবরে কক্সবাজার আন্তর্জাতিক বিমানবন্দর উদ্বোধন : বিমানমন্ত্রী

প্রধানমন্ত্রী তারেক রহমান চলতি বছরের অক্টোবরে কক্সবাজার আন্তর্জাতিক বিমানবন্দরের উদ্বোধন করবেন বলে জানিয়েছেন বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটনমন্ত্রী এম রশিদুজ্জামান মিল্লাত। এভিয়েশন ও পর্যটনখাতের সাংবাদিকদের সংগঠন এভিয়েশন অ্যান্ড ট্যুরিজম জার্নালিস্টস ফোরাম অব বাংলাদেশের (এটিজেএফবি) সদস্যরা সোমবার (২৪ আগস্ট) সচিবালয়ে সৌজন্য সাক্ষাৎ করতে গেলে মন্ত্রী এ তথ্য জানান। রশিদুজ্জামান মিল্লাত বলেন, কক্সবাজার বিমানবন্দরকে আন্তর্জাতিক বিমানবন্দরে রূপান্তরের কাজ এগিয়ে চলছে। অক্টোবরে এটি আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করা হবে। এখান থেকে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের পাশাপাশি বিভিন্ন আন্তর্জাতিক এয়ারলাইন্সও ফ্লাইট পরিচালনা করবে। এরই মধ্যে কয়েকটি বিদেশি এয়ারলাইন্স কক্সবাজার থেকে ফ্লাইট পরিচালনায় আগ্রহ প্রকাশ করেছে। মন্ত্রী জানান, আন্তর্জাতিক এয়ারলাইন্সগুলোর সঙ্গে যোগাযোগ ও সমন্বয়ের মাধ্যমে কক্সবাজার থেকে সরাসরি আন্তর্জাতিক ফ্লাইট চালুর উদ্যোগ নেওয়া হয়েছে। এ বিষয়ে প্রয়োজনীয় চুক্তি ও সমঝোতা স্মারক (এমওইউ) স্বাক্ষরের প্রক্রিয়া চলছে। ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের তৃতীয় টার্মিনাল চালুর বিষয়ে মন্ত্রী বলেন, 'টার্মিনালটি ডিসেম্বর মাসে চালু করার লক্ষ্যে আমরা এগিয়ে যাচ্ছি। এ বিষয়ে প্রয়োজনীয় প্রস্তুতি চলছে। আগামী মাসে (সেপ্টেম্বর) জাপানি কনসোর্টিয়ামের সঙ্গে চুক্তি স্বাক্ষর হবে। তৃতীয় টার্মিনাল চালু হলে বিমানবন্দরের সক্ষমতা ও যাত্রীসেবার মান আরও বাড়বে এবং আন্তর্জাতিক মানের সেবা নিশ্চিত করা সম্ভব হবে।'

(জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৮.২০২৬ রিহাব)

## ঈদে মিলাদুন্নবীর (স.) অনুষ্ঠান মঙ্গলবার উদ্বোধন করবেন রাষ্ট্রপতি

পবিত্র ঈদে মিলাদুন্নবী (স.) ১৪৪৮ হিজরি উদযাপন উপলক্ষ্যে ইসলামিক ফাউন্ডেশনের উদ্যোগে পক্ষকালব্যাপী 'সিরাতুন্নবী (স.) অনুষ্ঠানমালা' শুরু হচ্ছে মঙ্গলবার (২৫ আগস্ট)। এ অনুষ্ঠানমালার উদ্বোধন করবেন রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীর। মঙ্গলবার (২৫ আগস্ট) বাদ মাগরিব সন্ধ্যা সাড়ে ৭টায় জাতীয় মসজিদ বায়তুল মোকাররমের পূর্ব সাহানে এ উদ্বোধনী অনুষ্ঠান হবে। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন ধর্মবিষয়ক মন্ত্রী কাজী শাহ মোফাজ্জল হোসাইন কায়কোবাদ। সোমবার (২৪ আগস্ট) ইসলামিক ফাউন্ডেশনের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৮.২০২৬ রিহাব)

## দলের নাম ভাঙিয়ে অপকর্ম করলে ছাড় নয় : রিজভী

দলের নাম ভাঙিয়ে কোনো ধরনের অনৈতিক কর্মকাণ্ডে না জড়াতে নেতা-কর্মীদের সতর্ক করেছেন বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব অ্যাডভোকেট রুহুল কবির রিজভী। তিনি বলেছেন, ৫ আগস্টের পর দলের নাম ভাঙিয়ে অপকর্মে যুক্ত ব্যক্তিদের বিরুদ্ধে দলের চেয়ারম্যান তারেক রহমান কঠোর পদক্ষেপ নিয়েছেন। তাই নেতা-কর্মীদের গঠনমূলক কাজে যুক্ত থেকে দলকে শক্তিশালী করতে হবে। সোমবার (২৪ আগস্ট) দুপুরে রাজধানীর শের-ই-বাংলা নগরের জিয়া উদ্যানে শহিদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান ও সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার সমাধিতে শ্রদ্ধা নিবেদন শেষে তিনি একথা বলেন। ভারপ্রাপ্ত মহাসচিব হিসেবে দায়িত্ব পাওয়ার পর দলের নেতা-কর্মীদের নিয়ে তিনি দুই নেতার সমাধিতে শ্রদ্ধা জানান। রিজভী বলেন, তার প্রধান দায়িত্ব হবে দলকে সুশৃঙ্খল ও সুসমন্বিতভাবে পরিচালনা করা। দলের চেয়ারম্যানের নির্দেশিত সাংগঠনিক কর্মকাণ্ড যাতে সুষ্ঠুভাবে সম্পন্ন হয়, সেদিকেই তিনি কাজ করবেন। বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব বলেন, জনগণের শুভেচ্ছা ও সমর্থন নিয়ে বিএনপি রাষ্ট্রক্ষমতায় এসেছে এবং তারেক রহমানের নেতৃত্বে সরকার গঠন করেছে। তার ঘোষিত কর্মসূচিগুলো জনগণের স্বার্থ, মানবকল্যাণ, সামাজিক সুরক্ষা ও অবকাঠামোগত উন্নয়নের লক্ষ্যে নেওয়া হয়েছে। এসব কর্মসূচি যথাযথভাবে বাস্তবায়নে দলের নেতা-কর্মীদের সহযোগিতা করতে হবে এবং সরকারের পদক্ষেপগুলো জনগণের কাছে তুলে ধরতে হবে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৮.২০২৬ রিহাব)

## উসকানি ও প্ররোচনার অভিযোগে শ্যামল দত্তসহ ৩ সাংবাদিক ট্রাইব্যুনালে

জুলাই গণ-অভ্যুত্থানের সময় ছাত্র-জনতাকে দমনে উসকানি ও প্ররোচনার অভিযোগে মানবতাবিরোধী অপরাধের মামলায় জাতীয় প্রেস ক্লাবের তৎকালীন সাধারণ সম্পাদক শ্যামল দত্তসহ তিন সাংবাদিককে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে হাজির করা হয়েছে। অন্য দু-জন হলেন মোজাম্মেল বাবু ও ফারজানা রুপা। সোমবার (২৪ আগস্ট) সকাল সাড়ে ১০টার দিকে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে তাদের আনা হয়েছে। এ সংক্রান্ত বিষয়ে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে শুনানি হওয়ার কথা রয়েছে আজ। এর আগে, জুলাই গণ-অভ্যুত্থানের সময় ছাত্র-জনতাকে দমনে উসকানি ও প্ররোচনার অভিযোগে মানবতাবিরোধী অপরাধের মামলায় জাতীয় প্রেস ক্লাবের তৎকালীন সাধারণ সম্পাদক শ্যামল দত্তসহ তিন সাংবাদিককে আজ (২৪ আগস্ট) আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে হাজির করার নির্দেশ দেওয়া হয়েছে। প্রসিকিউশনের আবেদনের পরিপ্রেক্ষিতে গত ১৭ আগস্ট আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-২, তিন সাংবাদিকের বিরুদ্ধে প্রোডাকশন ওয়ারেন্ট জারি করেন। তারা পৃথক মামলায় কারাগারে। এরই ধারাবাহিকতায় আজ তাদের ট্রাইব্যুনালে আনা হয়েছে। ট্রাইব্যুনালে ওইদিন রাষ্ট্র পক্ষে শুনানি করেন প্রসিকিউটর ফারুক আহাম্মদ। তিনি বলেন, জুলাই গণ-অভ্যুত্থান দমনে অন্য অনেকের মতো শ্যামল দত্ত, মোজাম্মেল বাবু ও ফারজানা রুপাও উসকানি দিয়েছেন। আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল আইনে কোনো অপরাধে উসকানি দেওয়াও অপরাধ বলে তিনি উল্লেখ করেন। ফারুক আহাম্মদ বলেন, তদন্ত সংস্থা তিন সাংবাদিকের বিরুদ্ধে অপরাধে সংশ্লিষ্টতার তথ্য পেয়েছে। তারা অন্য মামলায় গ্রেফতার থাকায় ওই মামলায় তাদের হাজির করার জন্য প্রোডাকশন ওয়ারেন্ট চাওয়া হয়। শুনানি শেষে ট্রাইব্যুনাল আবেদন মঞ্জুর করে আগামী ২৪ আগস্ট তাদের হাজির করার নির্দেশ দেন। তারই ধারাবাহিকতায় আজ সেটি শুনানির জন্য রয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৮.২০২৬ রিহাব)

## বাড়িঘরে আগুন দিয়ে আমাদের শেষ করে দেওয়ার হুমকি দিচ্ছে

ফেনীর সোনাগাজীর বহুল আলোচিত মাদরাসা ছাত্রী নুসরাত হত্যা মামলায় হাইকোর্টের রায়ে সন্তোষ প্রকাশ করেছেন তার মা শিরিন আক্তার। তবে বিভিন্ন হুমকির অভিযোগ তুলে পরিবারের নিরাপত্তার দাবি করেছেন তিনি। সোমবার (২৪ আগস্ট) দুপুরে সোনাগাজী উপজেলার চরচান্দিয়া এলাকায় নিজ বাড়িতে রায় পরবর্তী প্রতিক্রিয়ায় এমন কথা বলেন নুসরাতের মা। শিরিন আক্তার বলেন, "নুসরাত হত্যাকাণ্ডের পর এ ঘটনাকে অনেকে আত্মহত্যা বলে প্রচার করেছিল। কিন্তু আজ এই রায়ের মধ্যদিয়ে এটি হত্যাকাণ্ড হিসেবে আবারও প্রমাণিত হলো। আমি এ রায়ে সন্তুষ্ট, আলহামদুলিল্লাহ।" তিনি বলেন, "বাড়িঘরে আগুন দিয়ে আমাদের শেষ করে দেওয়ার হুমকি দেওয়া হচ্ছে। প্রধানমন্ত্রীসহ সংশ্লিষ্টদের প্রতি আমাদের পরিবারের নিরাপত্তা চাই।" বহুল আলোচিত এই মামলায় আসামিদের ডেথ রেফারেন্স (মৃত্যুদণ্ড অনুমোদন), আপিল ও জেল আপিলের ওপর শুনানি নিয়ে দুই আসামির মৃত্যুদণ্ড বহাল রেখেছেন হাইকোর্ট। যাদের মৃত্যুদণ্ড বহাল রাখা হয়েছে তারা হলেন- সোনাগাজী ইসলামিয়া ফাজিল (ডিগ্রি) মাদরাসার তৎকালীন অধ্যক্ষ সিরাজ উদদৌলা এবং শাহাদাত হোসেন শামীম। (জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৮.২০২৬ রিহাব)

## বিএনপি জুলাই সনদের পথেই এগোতে চায়, আমাদের ওপর আস্থা রাখুন : আইনমন্ত্রী

বিএনপি জুলাই সনদের পথেই এগোতে চায় বলে জানিয়েছেন আইন, বিচার ও সংসদবিষয়কমন্ত্রী মো. আসাদুজ্জামান। তিনি বলেন, আমাদের ওপর আস্থা রাখুন, আমরা সেই লক্ষ্যেই এগিয়ে যেতে চাই। সোমবার (২৪ আগস্ট) রাজধানীর সিরডাপ অডিটোরিয়ামে সেন্টার ফর গভর্নেন্স স্টাডিজ (সিজিএস) আয়োজিত 'নির্বাচন-পরবর্তী বাংলাদেশঃ রাজনৈতিক প্রতিশ্রুতি ও বাস্তবতা' শীর্ষক সংলাপে তিনি এসব কথা বলেন। সংলাপে বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধি, আইনজীবী, সাংবাদিক, মানবাধিকারকর্মী ও নাগরিক সমাজের প্রতিনিধিরা অংশ নেন। অনুষ্ঠানে প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা জহির উদ্দিন স্বপনসহ বিভিন্ন রাজনৈতিক দলের নেতারা বক্তব্য দেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন সিজিএসের প্রেসিডেন্ট জিল্লুর রহমান। আইনমন্ত্রী বলেন, আপনারা যদি আমাদের তোপের মুখে না রাখেন, তাহলে আমরা পথ হারাতে পারি। তবে সেই চাপের ভাষা ও পদ্ধতিও গুরুত্বপূর্ণ। কার্যক্রম নিষিদ্ধ রাজনৈতিক দল ছাড়া অন্য কারও সভা-সমাবেশ করার ক্ষেত্রে কোনো বাধা থাকা উচিত নয়। তিনি বলেন, আমরা ঘুরে দাঁড়ানোর চেষ্টা করছি। গতি ধীর হতে পারে, তবে পরিবর্তনের প্রক্রিয়া চলছে। একটি গুমের অভিযোগ এসেছে, সেটিও আমরা তদন্ত করছি। এ বিষয়ে শূন্য সহনশীলতা নীতি গ্রহণ করা হয়েছে। রাজনৈতিক সংস্কৃতি পরিবর্তনের ওপর গুরুত্ব দিয়ে মো. আসাদুজ্জামান বলেন, রাতারাতি পরিবর্তন সম্ভব নয়। তবে সরকার সেই লক্ষ্যেই কাজ করছে। কোনো ক্ষেত্রে সরকার সফল না হলে সংশোধনের জন্যও তারা উন্মুক্ত। (জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৮.২০২৬ রিহাব)

## সংস্কারে রাজনৈতিক সাহস দেখাতে পারছে না সরকার : দেবপ্রিয়

সরকার সিদ্ধান্ত গ্রহণ ও সংস্কারের ক্ষেত্রে প্রয়োজনীয় রাজনৈতিক সাহস দেখাতে পারছে না বলে মন্তব্য করেছেন গবেষণা প্রতিষ্ঠান সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি) সম্মাননীয় ফেলো ড. দেবপ্রিয় ভট্টাচার্য। তিনি বলেন, সরকারের সদিচ্ছা থাকলেও অনেক ক্ষেত্রে সক্ষমতা ও সমন্বয়ের ঘাটতি দেখা যাচ্ছে। এ ঘাটতি রাজনৈতিক দূরদর্শিতার অভাবের প্রতিফলন কি না, সেটিও ভাবতে হবে। সোমবার (২৪ আগস্ট) রাজধানীর একটি মিলনায়তনে সিপিডি আয়োজিত 'সরকারের ছয় মাসঃ পারফরম্যান্স পর্যালোচনা' শীর্ষক মিডিয়া ডায়ালগে এ কথা বলেন দেবপ্রিয় ভট্টাচার্য। সরকারের রাজনৈতিক সাহসের ঘাটতির বড়ো উদাহরণ হিসেবে সরকারি কর্মচারীদের বেতন-ভাতার বিষয়টি তুলে ধরেন এ অর্থনীতিবিদ। তিনি বলেন, ছয় মাস হয়ে গেছে, সরকার এখনো বেতন-ভাতার বিষয়ে সিদ্ধান্ত নিতে পারছে না। কেন পারছে না, সেটি একটি বড়ো প্রশ্ন। এর সঙ্গে সরকারের আর্থিক সক্ষমতার বিষয়টিও জড়িত। রাজস্ব ঘাটতি যখন এক লাখ ৪০ হাজার কোটি টাকা হতে পারে, তখন এই বিষয়টি ছয় মাস আগেই সরকারের জানা উচিত ছিল। তিনি বলেন, অন্তর্বর্তী সরকার বেতন কাঠামো নিয়ে একটি প্রতিবেদন দিয়ে গেছে। সেটি মূল্যায়ন করে সরকার কতটুকু বাস্তবায়ন করতে পারবে, আর কতটুকু পারবে না, তা নির্ধারণ করা যেত। সরকার যদি ধাপে ধাপে বেতন দেওয়ার সিদ্ধান্ত নেয়, সেটিও মানুষ মেনে নিত। সরকার এত দেরি না করে শুরুতে ২০ থেকে ২৫ শতাংশ মহার্ঘ ভাতা দিতে পারতো। এরপর বলতে পারতো, সময় দিন, আমরা বিষয়টি বিবেচনা করছি। কিন্তু এখন বিষয়টি এমন জায়গায় নিয়ে যাওয়া হয়েছে যে, বড়ো কিছু করা ছাড়া উপায় থাকবে না, যোগ করেন তিনি। ধাপে ধাপে সমাধানের যে রাজনৈতিক সুযোগ শুরুতে ছিল, সরকার সেটি কাজে লাগাতে পারেনি বলে উল্লেখ করেন ড. দেবপ্রিয়।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৮.২০২৬ রিহাব)

## সাড়ে ৩ লাখ টন সার কিনছে সরকার, খরচ প্রায় ২৭শ কোটি টাকা

২০২৬-২০২৭ অর্থবছরে সরকারি পর্যায়ে বিভিন্ন দেশ ও প্রতিষ্ঠানের কাছ থেকে ২৬৯৫ কোটি টাকা দিয়ে ৩ লাখ ৬৫ হাজার মেট্রিক টন সার কেনার সিদ্ধান্ত নিয়েছে সরকার। এর মধ্যে ইউরিয়া ৭০ হাজার মেট্রিক টন, এমওপি ১ লাখ ১৫ হাজার মেট্রিক টন, ডিএপি ১ লাখ ২০ হাজার মেট্রিক টন এবং টিএসপি ৬০ হাজার মেট্রিক টন। সোমবার (২৪ আগস্ট) সচিবালয়ে অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত সরকারি ক্রয়-সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠকে এসব সার কেনার অনুমোদন দেওয়া হয়েছে। বৈঠকের সিদ্ধান্ত অনুযায়ী, সৌদি আরবের সাবিক অ্যাগ্রি-নিউট্রিয়েন্টস কোম্পানি থেকে ৪০ হাজার মেট্রিক টন বাল্ক গ্র্যানুলার ইউরিয়া সার আমদানি করা হবে। এতে ব্যয় হবে ১৮৮ কোটি ৬৬ লাখ ৩১ হাজার ৮২০ টাকা। প্রতি মেট্রিক টনের দাম পড়বে ৩৮০ দশমিক ৮৩ মার্কিন ডলার। রাশিয়ার জেএসসি ফরেন ইকোনমিক করপোরেশন প্রোডিনটর্গের সঙ্গে বাংলাদেশ কৃষি উন্নয়ন করপোরেশনের স্বাক্ষরিত চুক্তির আওতায় আমদানি করা হবে ৩৫ হাজার মেট্রিক টন এমওপি সার। এজন্য ব্যয় হবে ১৬৬ কোটি ৪৩ লাখ ৪৮ হাজার ৭০০ টাকা। প্রতি মেট্রিক টনের মূল্য ৩৮৩ দশমিক ৮০ মার্কিন ডলার।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৮.২০২৬ রিহাব)

## সংস্কৃতি-পর্যটন উন্নয়নে একক নীতিমালা, হচ্ছে দুই মন্ত্রণালয়ের যৌথ কমিটি

বাংলাদেশের সাংস্কৃতিক ঐতিহ্যকে পর্যটনের সঙ্গে যুক্ত করে এ খাতের উন্নয়নে একক নীতিমালা প্রণয়নের উদ্যোগ নিয়েছে সরকার। এ লক্ষ্যে বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয় এবং সংস্কৃতি মন্ত্রণালয়ের মধ্যে সমঝোতা স্মারক (এমওইউ) সই করে দুই মন্ত্রণালয়ের সমন্বয়ে যৌথ কমিটি গঠনের প্রাথমিক সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সোমবার (২৪ আগস্ট) সচিবালয়ে সংস্কৃতিবিষয়ক মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে এক সভায় বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন

মন্ত্রী এম রশিদুজ্জামান মিল্লাত এ তথ্য জানান। তিনি বলেন, আমরা আজ একটি সিদ্ধান্ত গ্রহণ করলাম। এই সভায় আমরা প্রেজেন্টেশন দিলাম, সেই প্রেজেন্টেশনের মাধ্যমে আমরা চাই, পর্যটন মন্ত্রণালয় এবং সংস্কৃতি মন্ত্রণালয়ের মধ্যে একটা এমওইউ করা। এটা বাইন্ডস (আবদ্ধ) করা, যে বাইন্ডসের মাধ্যমে আমরা দুই মন্ত্রণালয়ের যৌথ কমিটি গঠন করে সাংস্কৃতিক পর্যটনের জন্য একক নীতিমালার কার্যক্রম গ্রহণ করা। সেই প্রেক্ষিতেই আজ আমাদের এখানে আসা। (জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৮.২০২৬ রিহাব)

## সমাবেশে বাধাকে 'নগ্ন আঘাত' বললো এনসিপি

সম্প্রতি কেন্দ্রীয় শহিদ মিনারে রাষ্ট্র সংস্কার আন্দোলনের পূর্বনির্ধারিত রাজনৈতিক সমাবেশ করতে না দেওয়ার ঘটনাকে স্বাধীন রাজনৈতিক চর্চা ও সংবিধান স্বীকৃত সভা-সমাবেশের স্বাধীনতার ওপর নগ্ন আঘাত হিসেবে চিহ্নিত করেছে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)। এটিকে ন্যাক্কারজনক ঘটনা উল্লেখ করে তীব্র প্রতিবাদ ও গভীর উদ্বেগ প্রকাশ করেছে জাতীয় এনসিপি। সোমবার (২৪ আগস্ট) এক যৌথ বিবৃতিতে দলের আহ্বায়ক ও সদস্য সচিব বলেন, জুলাই গণ-অভ্যুত্থানের মধ্যদিয়ে অর্জিত এই নতুন বাংলাদেশে কোনো রাজনৈতিক দলের গণতান্ত্রিক অধিকার কেড়ে নেওয়ার সুযোগ নেই। অথচ অত্যন্ত পরিতাপের বিষয় হলো, নির্বাচিত সরকারও বিগত পরাজিত স্বৈরাচারী ও ফ্যাসিবাদী আমলের মতো বিরোধী বা ভিন্নমতের রাজনৈতিক কর্মসূচিতে বাধা দেওয়ার পুরোনো চর্চা অব্যাহত রাখছে। নেতারা বলেন, জনগণ কোনো স্বৈরাচারী শাসনের পুনরাবৃত্তি দেখতে রক্ত দেয়নি। রাষ্ট্র সংস্কারের দাবিতে সোচ্চার একটি রাজনৈতিক দলকে সভা-সমাবেশ করতে না দেওয়া সরাসরি গণ-অভ্যুত্থানের স্পিরিট ও গণতান্ত্রিক মূল্যবোধের পরিপন্থি। কোনো যুক্তি বা অজুহাতেই একটি স্বাধীন রাষ্ট্রের নাগরিকদের শান্তিপূর্ণ সভা-সমাবেশ ও মতপ্রকাশের অধিকারকে হরণ করা সমর্থনযোগ্য হতে পারে না। (জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৮.২০২৬ রিহাব)

## আইন-শৃঙ্খলা রক্ষায় সরকারের ব্যর্থতায় দিনে গড়ে ১০ খুন : গাজী আতাউর রহমান

দেশের আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে সরকার ব্যর্থ হয়েছে বলে মন্তব্য করেছেন ইসলামী আন্দোলন বাংলাদেশের মহাসচিব মাওলানা গাজী আতাউর রহমান। তিনি বলেন, গত তিন মাসে দেশে ৯৩৪টি খুনের মামলা হয়েছে। অর্থাৎ গড়ে প্রতিদিন ১০ জনের বেশি মানুষ খুনের শিকার হয়েছেন। সোমবার (২৪ আগস্ট) ইসলামী আন্দোলন বাংলাদেশের কেন্দ্রীয় মিডিয়া সেলের প্রধান সমন্বয়ক কে এম শরীয়াতুল্লাহ পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়। গাজী আতাউর রহমান বলেন, রাষ্ট্রের কাছে মানুষের প্রধান চাওয়া নিরাপত্তা। নিরাপত্তার বহুস্তর ও মাত্রা থাকলেও জীবনের নিরাপত্তা মানুষের মৌলিক ও প্রাথমিক অধিকার। কিন্তু দুঃখজনক বাস্তবতা হলো, বিএনপি সরকার মানুষের জীবনের নিরাপত্তা নিশ্চিত করতে চরমভাবে ব্যর্থ হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৮.২০২৬ রিহাব)

## গ্যাস, বিদ্যুৎ, আইন-শৃঙ্খলায় আরও মনোযোগ দেওয়ার আহ্বান আলালের

জাতীয় জীবনে বেশ কিছু সমস্যা প্রকট হচ্ছে, যেগুলো অতীতে ফেলে রাখা অসমাপ্ত কাজের যন্ত্রণা বলে মন্তব্য করেছেন বিএনপির চেয়ারম্যানের উপদেষ্টা অ্যাডভোকেট সৈয়দ মোয়াজ্জেম হোসেন আলাল। বিশেষ করে গ্যাস, বিদ্যুৎ ও আইন-শৃঙ্খলা পরিস্থিতির দিকে সরকারকে আরও বেশি মনোযোগ দেওয়ার আহ্বান জানিয়েছেন তিনি। সোমবার (২৪ আগস্ট) জাতীয় প্রেসক্লাবের কাজী নজরুল ইসলাম মিলনায়তনে জনতার অধিকার পার্টির প্রতিষ্ঠাবার্ষিকীর অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। আলাল বলেন, "বাংলাদেশ হচ্ছে আমাদের মাতৃভূমি। আমাদের মা ১০ মাস সন্তানকে শরীরে বহন করেন, কমপক্ষে তিন বছর তাকে বাহুতে আবদ্ধ করে রাখেন, তারপর সারা জীবন তাকে হৃদয়ের মধ্যে, অন্তরের অর্জন করে রাখেন। তো সেই মাতৃভূমি যদি মা হয়, মায়ের প্রতি দায়িত্ব অনেক বেশি থাকে সন্তানদের।" তিনি বলেন, "আজকে জাতীয় জীবনে বেশ কিছু সমস্যা প্রকট হচ্ছে, যেগুলো অতীতের ফেলে রাখা অসমাপ্ত কাজের যন্ত্রণা। সেই যন্ত্রণার মধ্যে বিশেষ করে গ্যাস, বিদ্যুৎ এবং আইন-শৃঙ্খলা পরিস্থিতি। এই তিনটি দিকে সরকার মনোযোগ দিচ্ছে। আরও বেশি মনোযোগ এবং যত্ন নেওয়ার জন্য আমরা আহ্বান জানাচ্ছি।"

(জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৮.২০২৬ রিহাব)

## বিমানবন্দর এলাকায় ভিক্ষুক-ভবঘুরের উৎপাত, আটক আরও ৪০

ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর এলাকা থেকে ৪০ জন ভবঘুরে ও ভিক্ষুককে আটক করেছে ডিএমপির বিমানবন্দর থানা পুলিশ। সোমবার (২৪ আগস্ট) বিমানবন্দর গোলচত্বর, বিআরটিএ স্টেশন, বিমানবন্দর রেলস্টেশন এলাকা, পুলিশ বক্সের আশপাশ, বিমানবন্দরের প্রবেশপথ এবং ভিআইপি রোডে এ অভিযান পরিচালনা করে তাদের আটক করা হয়। সন্ধ্যায় ডিএমপির অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (এডিসি) নিয়াজ মেহেদী বিমানবন্দর থানার বরাতে জানান, বিমানবন্দর এলাকায় ভবঘুরে ও ভিক্ষুকদের উৎপাত দীর্ঘদিনের সমস্যা। এতে দেশি-বিদেশি যাত্রীদের চলাচলে অস্বস্তিকর পরিস্থিতির সৃষ্টি হচ্ছিল। এ সমস্যা নিরসনে নিয়মিত অভিযানের অংশ হিসেবে এ অভিযান পরিচালনা করা হয়। অভিযানে আটক ৪০ জনের মধ্যে ১৫ জন শিশু, ২ জন নারী এবং ২৩ জন প্রাপ্তবয়স্ক পুরুষ রয়েছেন। (জাগো নিউজ ওয়েব পেজ: ২৪.০৮.২০২৬ রুবাইয়া)

## প্রধানমন্ত্রীর সহকারী একান্ত সচিবের পরিচয়ে প্রতারণা

প্রধানমন্ত্রীর সহকারী একান্ত সচিব ইঞ্জিনিয়ার আব্দুর রহমান সানির নাম ও পরিচয় ব্যবহার করে দুটি ভুয়া ফেসবুক অ্যাকাউন্ট খুলে প্রতারণার অভিযোগে একজনকে গ্রেফতার করেছে ঢাকা মহানগর পুলিশের সিটিটিসির সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন বিভাগের ই-ফ্রড ইনভেস্টিগেশন টিম। গ্রেফতার ব্যক্তির নাম মো. কাকন রানা (৩৫)। সোমবার (২৪ আগস্ট) ডিএমপির অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (এডিসি) নিয়াজ মেহেদী এ তথ্য জানান। তিনি বলেন, প্রধানমন্ত্রীর সহকারী একান্ত সচিব-২ ইঞ্জিনিয়ার আব্দুর রহমান সানির নাম ও পরিচয় ব্যবহার করে দুটি ভুয়া ফেসবুক অ্যাকাউন্ট খোলার অভিযোগে বনানী থানায় একটি মামলা রুজু হয়। মামলা রুজুর পরপরই তদন্তভার গ্রহণ করে সিটিটিসির সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন বিভাগ। তদন্তকালে তথ্য-প্রযুক্তি বিশ্লেষণের মাধ্যমে অভিযুক্তের অবস্থান শনাক্ত করা হয়। পরবর্তীতে সিটিটিসির সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন বিভাগের ই-ফ্রড ইনভেস্টিগেশন টিমের একটি বিশেষ দল রোববার রাজধানীর খিলক্ষেত এলাকায় অভিযান চালিয়ে কাকন রানাকে গ্রেফতার করে। গ্রেফতারের সময় তার কাছ থেকে প্রতারণামূলক কর্মকাণ্ডে ব্যবহৃত ৬টি মোবাইল ফোন ও ৭টি সিমকার্ড উদ্ধার করা হয়।
(জাগো নিউজ ওয়েব পেজ: ২৪.০৮.২০২৬ রুবাইয়া)

## শাহজালালের তৃতীয় টার্মিনালের নিরাপত্তায় আনসার মোতায়েনের প্রস্তুতি

ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের নবনির্মিত তৃতীয় টার্মিনালের নিরাপত্তায় অঙ্গীভূত আনসার সদস্যদের মোতায়েনে সমন্বয়-সংক্রান্ত প্রয়োজনীয় প্রস্তুতিমূলক পদক্ষেপ নেওয়া হচ্ছে। বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর মহাপরিচালক মেজর জেনারেল আবদুল মোতালেব সাজ্জাদ মাহমুদ বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটনমন্ত্রী এম রশিদুজ্জামান মিল্লাতের সঙ্গে সৌজন্য সাক্ষাতে এ তথ্য জানিয়েছেন। সোমবার (২৪ আগস্ট) সচিবালয়ে এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। বৈঠকে দেশের বিমানবন্দরগুলোর নিরাপত্তা রক্ষায় বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর পেশাদারত্ব এবং সুনামের সঙ্গে দায়িত্ব পালনের বিষয়টি বিশেষভাবে প্রশংসিত হয়। মন্ত্রী দেশের গেটওয়ে-খ্যাত বিমানবন্দরগুলোর সার্বিক শৃঙ্খলা, যাত্রী ও রাষ্ট্রীয় সম্পদের নিরাপত্তায় আনসার সদস্যদের নিবেদিত ভূমিকা অব্যাহত রাখার আহ্বান জানান। সৌহার্দ্যপূর্ণ পরিবেশে অনুষ্ঠিত এই আলোচনায় দেশ ও মানুষের কল্যাণে মন্ত্রণালয় ও বাহিনীর পারস্পরিক সহযোগিতা অব্যাহত রাখার প্রত্যয় ব্যক্ত করা হয়। জাতীয় নিরাপত্তা নিশ্চিত করার পাশাপাশি দেশের পর্যটন খাতের টেকসই উন্নয়নে 'সবার আগে বাংলাদেশ' মন্ত্রে উজ্জীবিত হয়ে একযোগে কাজ করার দৃঢ় অঙ্গীকার ব্যক্ত করা হয়। (জাগো নিউজ ওয়েব পেজ: ২৪.০৮.২০২৬ রুবাইয়া)

## কোন কাজে কোথায় কত টাকা ঘুস, জানাবে 'ঘুস সাইট'

বিভিন্ন সেবা সেবা নিতে গিয়ে কোথায় কত টাকা ঘুস চাওয়া হচ্ছে, সে তথ্য জানাতে তৈরি হয়েছে ঘুস.সাইট। ২১ আগস্ট চালু হওয়া এই ওয়েবসাইটে নাম-পরিচয় গোপন রেখে ঘুস চাওয়ার অভিজ্ঞতা জানাতে পারছেন ভুক্তভোগীরা। চালুর প্রথম ৩ দিনে ১৮৯৪টি অভিযোগ জমা পড়েছে। এতে ঘুস হিসেবে চাওয়া অর্থের পরিমাণ ২৫ কোটি ৬১ লাখ টাকা। যার মধ্যে সবচেয়ে বেশি অভিযোগ জমা পড়েছে ঢাকা বিভাগে ৮৮৭টি, এর পর যথাক্রমে চট্টগ্রামে ৪৪৭টি, রাজশাহী ১২৪টি, খুলনা ১১৮টি, রংপুর ১০০টি, সিলেট ৭৯টি, ময়মনসিংহ ৭২টি ও বরিশাল ৬৭টি। অভিযোগকারীদের ১৮ শতাংশ জানিয়েছেন, তারা ঘুস দিতে অস্বীকার করেছেন। ওয়েবসাইটটির দুই প্রতিষ্ঠাতা হলেন সাইফ কবির ও শাহেদ শরিফ। উদ্যোক্তারা জানিয়েছেন, বিচ্ছিন্নভাবে থাকা ঘুসের অভিজ্ঞতাগুলো এক জায়গায় এনে কোনো সরকারি সেবা বা দপ্তরে কত টাকা ঘুস চাওয়ার অভিযোগ রয়েছে, তার একটি চিত্র তৈরি করা। তবে ওয়েবসাইটে যুক্ত হওয়া তথ্যকে যাচাই করা অভিযোগ বা প্রমাণ হিসেবে দাবি করছে না ওয়েবসাইটটি।
(জাগো নিউজ ওয়েব পেজ: ২৪.০৮.২০২৬ রুবাইয়া)

## ডেঙ্গুতে একদিনে ৩ মৃত্যু, হাসপাতালে ভর্তি ৯৯৪

এডিস মশাবাহিত ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে আরও তিনজন মারা গেছেন। এ নিয়ে চলতি বছরে মোট ৮৫ জনের মৃত্যু হলো। এছাড়া নতুন ৯৯৪ জন রোগী দেশের বিভিন্ন হাসপাতালে ভর্তি হয়েছেন। এর ফলে বর্তমানে চিকিৎসাধীন রোগীর সংখ্যা দাঁড়িয়েছে দুই হাজার ৮০ জন। সোমবার (২৪ আগস্ট) স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম থেকে এক বার্তায় এ তথ্য জানানো হয়। বার্তা অনুযায়ী, মারা যাওয়া তিনজনই পুরুষ। তাদের বয়স ৩৬ থেকে ৬০ বছরের মধ্যে। মোট মৃতদের তথ্য বিশ্লেষণ করে দেখা গেছে, ৮৫ জনের মধ্যে নারী ৪৮ জন বা ৫৭ দশমিক ১ শতাংশ এবং পুরুষ ৩৬ জন বা ৪২ দশমিক ৯ শতাংশ। সেই সঙ্গে একজনের তথ্য পরে 'ফলস' এসেছে। ঢাকা বিভাগের ক্ষেত্রে দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) আওতাধীন হাসপাতালে ২৯, উত্তর সিটি করপোরেশনের (ডিএনসিসি) আওতাধীন হাসপাতালে ১১ ও সিটি করপোরেশনের বাইরে দুজন প্রাণ হারিয়েছেন। সেই সঙ্গে খুলনায় ১৬, বরিশাল ও ময়মনসিংহে আটজন করে, চট্টগ্রামে পাঁচ, রাজশাহীতে চার এবং রংপুর ও সিলেটে একজন করে মারা গেছেন। এ পর্যন্ত ডেঙ্গু নিয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন ২৯ হাজার ৯২৩ জন। তাদের মধ্যে ছাড়পত্র পেয়েছেন ২৭ হাজার ৭৫৮ জন। (জাগো নিউজ ওয়েব পেজ: ২৪.০৮.২০২৬ রুবাইয়া)

## এক রাতেই বদলি ৪৬ শিক্ষক, মতিঝিল আইডিয়ালে চাঞ্চল্য

রাজধানীর মতিঝিল আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজের মূল শাখা থেকে একদিনে ৪৬ শিক্ষককে বনশ্রী ও মুগদা শাখায় বদলি করা হয়েছে। রোববার (২৩ আগস্ট) মধ্যরাতে প্রতিষ্ঠানটির পরিচালনা পর্ষদের সদস্যদের সম্মতিক্রমে এসব শিক্ষককে বদলি করা হয়। একসঙ্গে এত শিক্ষককে বদলির ঘটনায় প্রতিষ্ঠানটির শিক্ষক ও অভিভাবকদের মধ্যে চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। শিক্ষকদের একাংশের অভিযোগ, রাজনৈতিক মতাদর্শের কারণে কয়েকজনকে বদলি করা হয়েছে। তবে এ অভিযোগ অস্বীকার করে প্রতিষ্ঠানটির অধ্যক্ষ অধ্যাপক লাল মোহাম্মদ বলেছেন, দুর্নীতির মূল উৎপাটন করতেই এ উদ্যোগ নেওয়া হয়েছে। বদলি হওয়া শিক্ষকরা পাঁচ থেকে সাত বছর ধরে মতিঝিল শাখায় শিক্ষকতা করছিলেন। একাধিক শিক্ষক বলেন, রোববার রাত সাড়ে ১১টার দিকে হঠাৎ করে ৪৬ শিক্ষককে বদলির আদেশ জারি করা হয়। বদলি হওয়া শিক্ষকদের একটি অংশ সোমবার (২৪ আগস্ট) সচিবালয়ে গিয়ে শিক্ষা মন্ত্রণালয়ের কর্মকর্তাদের সঙ্গে কথা বলেছেন। শিক্ষকদের অভিযোগ, প্রতিষ্ঠানটি তাদের বদলির তথ্য ওয়েবসাইটে প্রকাশের আগেই অস্ট্রেলিয়াপ্রবাসী এক ব্যক্তি সামাজিক যোগাযোগমাধ্যমে তা শেয়ার করেন। এ ঘটনায় বদলি প্রক্রিয়ার গোপনীয়তা নিয়েও প্রশ্ন তুলেছেন তারা।(জাগো নিউজ ওয়েব পেজ: ২৪.০৮.২০২৬ রুবাইয়া)

## কর্ণফুলীর তীরে হচ্ছে নতুন পর্যটন জোন, সবার জন্য উন্মুক্ত

চট্টগ্রাম মহানগরীর বাকলিয়া এলাকায় কর্ণফুলী নদীর তীরের তিন কিলোমিটার সড়ক জুড়ে নতুন একটি পর্যটন জোন করছে চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ (সিডিএ)। নগরীর কালুরঘাট সেতু থেকে চাক্তাই খাল পর্যন্ত কর্ণফুলী নদীর তীরে সড়ক নির্মাণ প্রকল্পের অধীনে এই পর্যটন জোনের কাজটি করা হবে। চট্টগ্রামকে একটি পর্যটন শহর হিসেবে গড়ে তোলার লক্ষ্যে সিডিএ প্রকল্পটি গ্রহণ করেছে বলে জানান সংস্থাটির চেয়ারম্যান ইঞ্জিনিয়ার বেলায়েত হোসেন। সিডিএ সূত্রে জানা গেছে, কালুরঘাট সেতু থেকে চাক্তাই খাল পর্যন্ত কর্ণফুলী নদীর তীরে সড়ক নির্মাণ প্রকল্পের অধীনে শাহ আমানত সেতু থেকে বলিরহাট পর্যন্ত পাঁচ কিলোমিটার এলাকায় একটি ওয়াকওয়ে নির্মাণ করা হবে। এছাড়া এখানে শিশুদের জন্য বিনোদন সুবিধাসহ পর্যটকবান্ধব রেস্তোরাঁ নির্মাণ করা হবে। সিডিএ জানিয়েছে, ২০১৭ সালের ২৫ এপ্রিল জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির সভায় 'কালুরঘাট-চাক্তাই চার লেনের মেরিন ড্রাইভ সড়ক' প্রকল্পটি অনুমোদন করা হয়েছিল। ২০১৯ সালের জুন মাসে চাক্তাই খালের মোহনায় একটি স্লুইসগেট নির্মাণের মাধ্যমে প্রকল্পটির উদ্বোধন করা হয়। প্রকল্পটির শুরুর দিকে প্রাথমিক ব্যয় ধরা হয়েছিল ২ হাজার ২৭৫ কোটি ৫২ লাখ টাকা। পরে কাজের পরিধি ও নকশা পরিবর্তনের কারণে প্রকল্পের খরচ ৪৩৬ কোটি ১৫ লাখ টাকা বৃদ্ধি করা হয়।
(জাগো নিউজ ওয়েব পেজ: ২৪.০৮.২০২৬ রুবাইয়া)

## মাদক সেবনের দায়ে দুই যুবকের কারাদণ্ড

চট্টগ্রামের দক্ষিণ রাঙ্গুনিয়ায় দুই মাদকসেবীকে ৭ দিন করে বিনাশ্রম কারাদণ্ড দিয়েছেন ভ্রাম্যমাণ আদালত। সোমবার (২৪ আগস্ট) দুপুরে রাঙ্গুনিয়া উপজেলা নির্বাহী কর্মকর্তা ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মো. নাজমুল হাসান এ ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন।দণ্ডিতরা হলেন, রাঙ্গুনিয়া উপজেলার দক্ষিণ রাঙ্গুনিয়া থানাধীন পদুয়া ইউনিয়নের সুখবিলাস গ্রামের ওবায়দুল আলমের ছেলে মো. রাকিব (১৮) এবং একই ইউনিয়নের জয়নগর গ্রামের মৃত হারুনুর রশিদের ছেলে মো. ফারুক (৩২)। দক্ষিণ রাঙ্গুনিয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. হিলাল উদ্দীন আহমদ জানান, মাদকবিরোধী অভিযানে দুই মাদকসেবীকে আটক করে ভ্রাম্যমাণ আদালতে হাজির করা হয়। পরবর্তীতে ভ্রাম্যমাণ আদালত তাদের কারাদণ্ড দেন। পরে তাদের কারাগারে পাঠানো হয়। (জাগো নিউজ ওয়েব পেজ: ২৪.০৮.২০২৬ রুবাইয়া)

## ককশিটের বক্সে লুকানো ৪৩ কেজি পচা মাংস উদ্ধার

সাভারের গেন্ডা বাজারে ক্রেতার চোখ ফাঁকি দিয়ে ককশিটের বক্সে লুকিয়ে রাখা ৪৩ কেজি পচা-বাসি গরুর মাংস জব্দ করেছে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ। একইসঙ্গে পচা মাংস বিক্রির চেষ্টা এবং ক্রয়-বিক্রয়ের বৈধ রসিদ ও ট্রেড লাইসেন্স না থাকায় 'জাহাঙ্গীর গোশত বিতান' নামের একটি দোকানকে ১ লাখ টাকা জরিমানা করা হয়েছে। সোমবার (২৪ আগস্ট) সংস্থাটির উপ-পরিচালক ও নির্বাহী ম্যাজিস্ট্রেট বি এম রুহুল আমিন রিমনের নেতৃত্বে এ ভ্রাম্যমাণ আদালত (মোবাইল কোর্ট) পরিচালিত হয়। অভিযান সূত্রে জানা গেছে, গেন্ডা বাজারের জাহাঙ্গীর গোশত বিতানে আকস্মিক পরিদর্শনকালে দোকানের পেছনে বিশেষ কায়দায় লুকিয়ে রাখা একটি ককশিটের বক্সের সন্ধান পান ভ্রাম্যমাণ আদালত। পরে বক্সটি খুলে সেখান থেকে প্রায় ৪৩ কেজি দুর্গন্ধযুক্ত ও পচা গরুর মাংস উদ্ধার করা হয়। অনুসন্ধানে জানা গেছে, ভালো মাংসের আড়ালে বা সুযোগ বুঝে এসব পচা মাংস সাধারণ ক্রেতাদের কাছে বিক্রি করা হতো। এছাড়া বিক্রির উদ্দেশ্যে ঝুলিয়ে রাখা মাংসের উৎস বা ট্রেসিবিলিটি সংক্রান্ত বৈধ কাগজপত্র এবং ব্যবসার হালনাগাদ ট্রেড লাইসেন্স দেখাতে ব্যর্থ হয় দোকান কর্তৃপক্ষ। পরবর্তীতে প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী নিজের অপরাধ স্বীকার করলে 'নিরাপদ খাদ্য আইন, ২০১৩'-এর সংশ্লিষ্ট ধারায় দোকানটিকে ১ লাখ টাকা জরিমানা করা হয় এবং জরিমানার অর্থ তাৎক্ষণিকভাবে আদায় করা হয়। (জাগো নিউজ ওয়েব পেজ: ২৪.০৮.২০২৬ রুবাইয়া)

## রোহিঙ্গা সংকটের একমাত্র টেকসই সমাধান প্রত্যাবাসন : ঢাবি উপাচার্য

রোহিঙ্গা সংকটের একমাত্র টেকসই সমাধান প্রত্যাবাসন বলে মন্তব্য করেছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম। তিনি বলেছেন, রোহিঙ্গাদের স্বেচ্ছায় ও নিরাপদে মিয়ানমারে প্রত্যাবাসন

বাংলাদেশ, আন্তর্জাতিক সম্প্রদায় ও রোহিঙ্গা জনগণের অভিন্ন লক্ষ্য। সোমবার (২৪ আগস্ট) ঢাবির সামাজিক বিজ্ঞান অনুষদের অধ্যাপক মোজাফফর আহমেদ চৌধুরী মিলনায়তনে রোহিঙ্গা প্রত্যাবাসনের চ্যালেঞ্জ নিয়ে এক সেমিনারে উপাচার্য এ কথা বলেন। ঢাবির আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ ও সেন্টার ফর জেনোসাইড স্টাডিজ যৌথভাবে সেমিনারটির আয়োজন করে। উপাচার্য বলেন, রোহিঙ্গা সংকট বর্তমান সময়ের অন্যতম মানবিক ও ভূ-রাজনৈতিক চ্যালেঞ্জ। এটি বাংলাদেশের ওপর অর্থনৈতিক, সামাজিক ও পরিবেশগত ব্যাপক চাপ সৃষ্টি করেছে। এ সমস্যা সমাধানে আঞ্চলিক ও বৈশ্বিক অংশীজনদের সম্মিলিত প্রচেষ্টা প্রয়োজন। তিনি উল্লেখ করেন, মিয়ানমারে রোহিঙ্গাদের বাস্তুচ্যুতির মূল কারণগুলো মোকাবিলায় অর্থবহ কূটনৈতিক ও রাজনৈতিক হস্তক্ষেপের জন্য সরকার ধারাবাহিকভাবে জোরালো আন্তর্জাতিক সমর্থনের আহ্বান জানিয়ে আসছে। রোহিঙ্গা সংকটকে আন্তর্জাতিক আলোচ্যসূচিতে রাখতে জাতিসংঘ ও আসিয়ানের মতো বহুপক্ষীয় ফোরামগুলোকে কাজে লাগাতে হবে। মিয়ানমারে জবাবদিহি ও ন্যায়বিচার প্রতিষ্ঠার লক্ষ্যে আন্তর্জাতিক কূটনীতিকে অবিচল থাকার আহ্বান জানিয়ে অধ্যাপক ওবায়দুল ইসলাম বলেন, একই সঙ্গে সুশীল সমাজ, গণমাধ্যম ও মানবাধিকার সংস্থাগুলোকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে।
(জাগো নিউজ ওয়েব পেজ: ২৪.০৮.২০২৬ রুবাইয়া)

## রেডিও টুডে

### বাংলা কিউআরে দৈনিক লেনদেন ছাড়াল ১১০ কোটি টাকা

বাংলাদেশে বাধ্যতামূলক 'এক দেশ, এক কিউআর' ব্যবস্থা চালুর পর থেকে বাংলা কিউআরের মাধ্যমে লেনদেনের সংখ্যা প্রায় দ্বিগুণ এবং আর্থিক লেনদেনের পরিমাণ প্রায় তিনগুণ বেড়েছে। রোববার এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, 'এক দেশ, এক কিউআর' উদ্যোগের আওতায় গত ১ জুলাই থেকে বাংলাদেশে সব ধরনের নিজস্ব কিউআর কোডের পরিবর্তে একটি একক বাংলা কিউআর ব্যবহার বাধ্যতামূলক করা হয়েছে। জুলাই মাসের শুরুতে বাংলা কিউআরের মাধ্যমে দৈনিক গড়ে প্রায় ১ লাখ ৭৮ হাজার লেনদেন সম্পন্ন হতো। এসব লেনদেনের আর্থিক পরিমাণ ছিল প্রতিদিন প্রায় ৩৭ কোটি ৩৩ লাখ টাকা। তবে গত এক সপ্তাহে বাংলা কিউআরের মাধ্যমে দৈনিক লেনদেনের গড় সংখ্যা বেড়ে প্রায় ৩ লাখ ৩ হাজারে দাঁড়িয়েছে। একই সময়ে দৈনিক গড় লেনদেনের পরিমাণ বেড়ে প্রায় ১১০ কোটি ৩৮ লাখ টাকায় উন্নীত হয়েছে। এদিকে, বাংলা কিউআর ব্যবহারকারী ব্যবসায়ীর সংখ্যাও উল্লেখযোগ্যভাবে বেড়েছে। ২০২৬ সালের ২১ জুলাই পর্যন্ত বাংলা কিউআর ব্যবহারকারী ব্যবসায়ীর সংখ্যা প্রায় ১৬ লাখ থেকে বেড়ে ৩০ লাখের বেশি হয়েছে। বেসরকারি বাণিজ্যিক ব্যাংকের পাশাপাশি রাষ্ট্রায়ত্ত ব্যাংকগুলোও বাংলা কিউআর সেবা সম্প্রসারণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। বাংলা কিউআরের ব্যবহার দ্রুত বৃদ্ধির ফলে বাংলাদেশে ডিজিটাল লেনদেনের প্রসারে উল্লেখযোগ্য অবদান রাখবে বলে আশা করা হচ্ছে। এর মাধ্যমে আরও সুবিধাজনক, কার্যকর ও অন্তর্ভুক্তিমূলক ডিজিটাল পেমেন্ট ব্যবস্থা গড়ে উঠবে।(রেডিও টুডে ওয়েব পেজ: ২৪.০৮.২০২৬ এলিনা)

### সমতার ভিত্তিতে বাংলাদেশ-ভারত সম্পর্ক এগিয়ে নেওয়ার আহ্বান

বাংলাদেশ এবং ভারত দুটিই স্বাধীন সার্বভৌম দেশ। কেউ বড়ো বা ছোটো নয়, সবাই সমান। এর ওপর ভিত্তি করেই সম্পর্ক এগিয়ে নেওয়ার আহ্বান জানিয়েছেন ভারতের হাইকমিশনার দিনেশ ত্রিবেদী। তিনি বলেন, "দুই দেশের তরুণ প্রজন্মকে শান্তি ও সমৃদ্ধির পরিবেশ করে দেওয়ার দায়িত্ব দুই দেশের সরকারের। উন্নয়নের জন্য দুই দেশ, দুই দেশের ওপর নির্ভরশীল।" সোমবার (২৪ আগস্ট) সাক্ষাৎ শেষে ব্রিফিংয়ে দুই দেশের রাজনৈতিক সম্পর্কের পাশাপাশি অর্থনৈতিক ও বাণিজ্যিক সম্পর্ক এগিয়ে নেওয়ার ওপর গুরুত্বারোপ করেন তিনি। ভারতীয় হাইকমিশনার বলেন, 'ইন্টারডিপেন্ডেন্সি' বা পারস্পরিক নির্ভরশীলতাই স্থায়ী সমাধান। উন্নয়নের জন্য বাংলাদেশ ভারতের ওপর এবং ভারত বাংলাদেশের ওপর নির্ভর করবে। এই নির্ভরতাই একটি পরিবারের মতো সম্পর্ক তৈরি করে। তিনি আরও বলেন, অর্থনীতি ও রাজনীতি দুটিই গুরুত্বপূর্ণ। তবে সাধারণ মানুষের খুব বেশি চাওয়া নেই, তারা শান্তি চায়। শান্তি থাকলে সমৃদ্ধি আসে। দুই দেশের দায়িত্ব তরুণ প্রজন্মকে শান্তি ও সমৃদ্ধি দেওয়া। দুই দেশেই তরুণ জনগোষ্ঠীর সংখ্যা বেশি। তাই যে-কোনো সিদ্ধান্ত নেওয়ার সময় তরুণদের কথা মনে রাখতে হবে। পোশাক খাতে বাংলাদেশ ও ভারতের যৌথ উদ্যোগে উৎপাদন বাড়ানোর প্রয়োজনীয়তার কথাও তুলে ধরেন দীনেশ ত্রিবেদী। তিনি বলেন, "আসুন, আমরা ব্যবসায়িক সম্পর্ক এগিয়ে নিয়ে যাই, রাজনীতি তার নিজের পথে চলবে।" সাধারণ মানুষের যা পাওনা, তা দেওয়া দুই দেশের দায়িত্ব বলেও মন্তব্য করেন তিনি। দীনেশ ত্রিবেদী বলেন, বাংলাদেশ ও ভারত দুটি স্বাধীন ও সার্বভৌম দেশ। কেউ বড়ো বা ছোটো নয়, সবাই সমান। এই সমতার ভিত্তিতেই দুই দেশকে কাজ করে যেতে হবে।
(রেডিও টুডে ওয়েব পেজ: ২৪.০৮.২০২৬ এলিনা)

### ভারত-বাংলাদেশ বাণিজ্য সম্পর্ক জোরদারে স্থলবন্দর ও সীমান্ত হাট চালুর উদ্যোগ

বাংলাদেশ ও ভারতের মধ্যে বাণিজ্যিক সম্পর্ক আরও গতিশীল করতে বন্ধ থাকা সীমান্ত হাট পুনরায় চালু, স্থলবন্দরগুলোকে পূর্ণ সক্ষমতায় কার্যকর করা এবং স্থলপথে সুতা আমদানির ওপর বিদ্যমান নিষেধাজ্ঞা প্রত্যাহারের বিষয়ে আলোচনা হয়েছে। সোমবার সচিবালয়ে বাণিজ্যমন্ত্রী খন্দকার আবদুল মুক্তাদিরের সঙ্গে ভারতের হাইকমিশনার দীনেশ ত্রিবেদীর বৈঠকে দ্বিপক্ষীয় বাণিজ্য সম্প্রসারণ ও ব্যবসায়িক প্রতিবন্ধকতা দূর করার বিভিন্ন বিষয় উঠে আসে।

বৈঠক শেষে বাণিজ্যমন্ত্রী বলেন, বাংলাদেশ ও ভারতের মধ্যে বর্তমানে প্রায় ১৩ বিলিয়ন ডলারের দ্বিপক্ষীয় বাণিজ্য রয়েছে। তবে গত দেড় বছরে কিছু প্রতিবন্ধকতা তৈরি হওয়ায় বাণিজ্যিক কার্যক্রমে কিছুটা ধীরগতি এসেছে। এসব সমস্যা চিহ্নিত করে কীভাবে ভবিষ্যতে দুই দেশের বাণিজ্য সম্পর্ক আরও সহজ ও কার্যকর করা যায়, তা নিয়ে আলোচনা হয়েছে। তিনি বলেন, চীনের পর ভারত বাংলাদেশের দ্বিতীয় বৃহত্তম বাণিজ্যিক অংশীদার। দুই দেশের মধ্যে দীর্ঘদিনের অর্থনৈতিক সম্পর্ক রয়েছে। বৈঠকে স্থলবন্দরগুলো পুরোপুরি কার্যকর করা, বন্ধ থাকা সীমান্ত হাট পুনরায় চালু করা এবং স্থলপথে সুতা আমদানির ওপর বিদ্যমান নিষেধাজ্ঞা প্রত্যাহারের বিষয়গুলো গুরুত্ব পেয়েছে।
(রেডিও টুডে ওয়েব পেজ: ২৪.০৮.২০২৬ এলিনা)

## ঢাকা-দিল্লির সুবিধামতো সময়েই প্রধানমন্ত্রীর ভারত সফর : প্রতিমন্ত্রী

প্রধানমন্ত্রীর ভারত সফর নিয়ে ঢাকা ও দিল্লি এখনো কাজ করছে। দুই দেশের পারস্পরিক সুবিধামতো সময়েই সফরের দিনক্ষণ চূড়ান্ত করা হবে বলে জানিয়েছেন নতুন পররাষ্ট্র প্রতিমন্ত্রী হুমায়ুন কবির। একইসঙ্গে ভারতের সঙ্গে বাংলাদেশের দ্বিপক্ষীয় সম্পর্ক সমতা, ন্যায্যতা ও পারস্পরিক স্বার্থের ভিত্তিতে এগিয়ে নেওয়ার প্রত্যয় ব্যক্ত করেছেন তিনি। সোমবার সকালে পররাষ্ট্র মন্ত্রণালয়ে নিজের দপ্তরে প্রথমবারের মতো দায়িত্ব পালন করতে এসে এসব কথা বলেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী হুমায়ুন কবির। মন্ত্রণালয়ে পৌঁছালে ঊর্ধ্বতন কর্মকর্তারা তাকে স্বাগত জানান। প্রধানমন্ত্রীর ভারত সফর প্রসঙ্গে হুমায়ুন কবির বলেন, সফরটি নিয়ে দুই দেশই কাজ করছে। ঢাকা ও দিল্লির সুবিধামতো সময়ে সফরের দিনক্ষণ চূড়ান্ত করা হবে। সাম্প্রতিক সময়ে ঢাকা-দিল্লির দ্বিপক্ষীয় সম্পর্ক নিয়ে ভারতের পররাষ্ট্রমন্ত্রী এস জয়শঙ্করের বক্তব্যকেও ইতিবাচকভাবে দেখছেন বলে জানান তিনি। নতুন দায়িত্বের চ্যালেঞ্জ প্রসঙ্গে পররাষ্ট্র প্রতিমন্ত্রী বলেন, দেশের স্বার্থ রক্ষা করে কূটনীতিতে ভারসাম্য বজায় রাখাই তার অন্যতম দায়িত্ব।
(রেডিও টুডে ওয়েব পেজ: ২৪.০৮.২০২৬ এলিনা)

## রাষ্ট্রপতির সঙ্গে প্রধান বিচারপতির সাক্ষাৎ

রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীরের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন প্রধান বিচারপতি জুবায়ের রহমান চৌধুরী। সোমবার রাষ্ট্রপতির বাসভবন বঙ্গভবনে এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। সাক্ষাৎকালে প্রধান বিচারপতি সুপ্রিম কোর্টসহ দেশের বিচার বিভাগের সার্বিক কার্যক্রম সম্পর্কে রাষ্ট্রপতিকে অবহিত করেন। এছাড়া বিচার বিভাগের উন্নয়নে নেওয়া নানা পদক্ষেপের কথাও তিনি তুলে ধরেন রাষ্ট্রপ্রধানের কাছে। গত ২১ আগস্ট রাষ্ট্রপতি পদে শপথগ্রহণের পর রোববার বঙ্গভবনে ওঠেন রাষ্ট্রপতি। এদিনই রাষ্ট্রপতি হিসেবে প্রথম দাপ্তরিক কার্যক্রম শুরু করেন মির্জা ফখরুল।
(রেডিও টুডে ওয়েব পেজ:২৪.০৮.২০২৬ আসাদ)

## মক্কা প্রতিরক্ষা চুক্তিতে আগ্রহ প্রকাশ করেছে বাংলাদেশ

মক্কা ডিফেন্স প্যাক্ট নিয়ে বাংলাদেশ আগ্রহ প্রকাশ করেছে বলে জানিয়ছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী হুমায়ুন কবির। তিনি বলেন, "মক্কা ডিফেন্স প্যাক্ট নিয়ে তো আমরা আগ্রহ প্রকাশ করছি। তবে এ বিষয়ে কোনো ডেভেলপমেন্ট নেই।" আজ সোমবার পররাষ্ট্র মন্ত্রণালয়ে সাংবাদিকদের মুখোমুখি হয়ে তিনি এসব কথা বলেন। প্রতিমন্ত্রী বলেন, "বাংলাদেশ এখন ইজ আ কান্ট্রি অব রেকগনিশন এবং একটা আগ্রহ আছে, যারা মিডল ইস্টের স্টেকহোল্ডার আছেন, গ্লোবালি যারা মুসলিম ওয়ার্ল্ডে...বিভিন্ন কি স্টেকহোল্ডারস...এখন বাংলাদেশের লিডারশিপ, পার্টিকুলারলি অনারেবল প্রাইম মিনিস্টার তারেক রহমানের লিডারশিপে, তারা অনেক জায়গায় আমন্ত্রণ জানাচ্ছেন টু কাম অ্যান্ড পার্টিসিপেট।" হুমায়ুন কবির আরো বলেন, "মক্কা নিয়ে তো সব সময়ই একটা আলাদা জায়গা বাংলাদেশের মানুষের হৃদয়ে আছে। সেখানে মিডল ইস্টে একটা মানে যদি হয়...এমনও হয় যে ইসলামিক নেশনসদের মধ্যে একটা সিকিউরিটি প্যাক্ট হয়, তাহলে সেখানে তো আর অস্বাভাবিক না যাওয়া। সো, লেটস সি, ইটস বিয়িং ভিউড পজিটিভলি।"
(রেডিও টুডে ওয়েব পেজ:২৪.০৮.২০২৬ আসাদ)

## ঠাকুরগাঁও-১ আসনের উপ-নির্বাচন কব হবে জানালেন সিইসি

প্রধান নির্বাচন কমিশনার এ এম এম নাসির উদ্দিন জানিয়েছেন, ঠাকুরগাঁও-১ আসনের উপ-নির্বাচনের ভোটগ্রহণ নির্দিষ্ট সময়ের ভেতরেই অনুষ্ঠিত হবে। সোমবার সকালে নির্বাচন কমিশনে তিনি এ তথ্য জানান। জাতীয় নির্বাচনে কমিশনের ভূমিকা নিয়ে সিইসি বলেন, "কোনো সময় ইসির ইমেজ জিরো ছিল না, আগে নেগেটিভ ছিল। মানুষজন একসময় ইসিকে নিয়ে হাসাহাসি করতো, কারণ আগের আমলে যারা দায়িত্বে ছিলেন, তারা সঠিকভাবে কাজ করেনি। আমরা সেই ইমেজ ফিরিয়ে এনেছি।" প্রধান নির্বাচন কমিশনার বলেন, "জাতীয় নির্বাচনে একটা স্ট্যান্ডার্ড তৈরি করা হয়েছে। আর তা আমরাই করেছি। জাতীয় আরও যা যা ঘাটতি রয়েছে, তা আমার খুঁজে কাজ করছি।" স্থানীয় নির্বাচন নিয়ে এ এম এম নাসির উদ্দিন বলেন, "স্থানীয় নির্বাচনের দিনক্ষণ এখনো বলা যাবে না। কারণ বর্তমানে স্থানীয় নির্বাচনের আইন বিধি নিয়ে কাজ চলছে।" স্থানীয় নির্বাচন আয়োজনে সরকারের সহযোগিতা ছাড়া চলা যাবে না। শুধু ইসির একার প্রস্তুতি না। সবগুলো বাহিনীসহ সংশ্লিষ্টদের সঙ্গে প্রস্তুতি সমন্বয় করা হবে বলেও জানান এ এম এম নাসির উদ্দিন। (রেডিও টুডে ওয়েব পেজ:২৪.০৮.২০২৬ আসাদ)

## রাষ্ট্রপতি মির্জা ফখরুলকে শি জিন পিং-এর অভিনন্দন

বাংলাদেশের ২৩তম রাষ্ট্রপতি হিসেবে দায়িত্ব নেওয়ায় মির্জা ফখরুল ইসলাম আলমগীরকে অভিনন্দন জানিয়েছেন চীনের প্রেসিডেন্ট শি জিন পিং। একই সঙ্গে দু-দেশের সার্বিক কৌশলগত সহযোগিতামূলক অংশীদারত্ব আরও গভীর করতে তার সঙ্গে কাজ করার আগ্রহও প্রকাশ করেছেন তিনি। অভিনন্দন বার্তায় শি জিন পিং বলেন, চীন ও বাংলাদেশ দীর্ঘদিন ধরে বন্ধুপ্রতীম প্রতিবেশী দেশ। পরিবর্তনশীল আন্তর্জাতিক পরিস্থিতির মধ্যেও এই দ্বিপক্ষীয় সম্পর্ক অটুট রয়েছে। তিনি বলেন, কূটনৈতিক সম্পর্ক প্রতিষ্ঠার ৫১ বছরে দুই দেশ সবসময় একে অপরকে সম্মান করেছে এবং সমতার ভিত্তিতে আচরণ করেছে। নিজ দেশের মূল স্বার্থ ও গুরুত্বপূর্ণ বিষয়ে পরস্পরকে সহযোগিতা করেছে। একইসঙ্গে আধুনিকায়নের পথে হাতে হাত মিলিয়ে এগিয়ে চলেছে। শি জিন পিং বলেন, প্রেসিডেন্ট মির্জা ফখরুল ইসলাম আলমগীরের সঙ্গে ঐতিহ্যবাহী বন্ধুত্ব এগিয়ে নিতে, কৌশলগত যোগাযোগ জোরদার করতে এবং উচ্চমানের বেল্ট অ্যান্ড রোড সহযোগিতা বাড়াতে কাজ করার আগ্রহ প্রকাশ করেন শি। নতুন যুগে চীন-বাংলাদেশ অভিন্ন ভবিষ্যৎ বিনির্মাণে বিভিন্ন খাতে দুই দেশের মধ্যে বিনিময় ও সহযোগিতা সম্প্রসারণের উপরও গুরুত্বারোপ করেন চীনের প্রেসিডেন্ট। তিনি আশা প্রকাশ করেন, এ ধরনের সহযোগিতা আরও গভীর হবে এবং এর সুফল দৃশ্যমান হবে। এতে দুই দেশের জনগণের জন্য আরও বেশি কল্যাণ বয়ে আনবে। (রেডিও টুডে ওয়েব পেজ:২৪.০৮.২০২৬ আসাদ)

## এআই ব্যবহারে আরও দক্ষ হবে সরকার, সহজ হবে নাগরিক সেবা : জনপ্রশাসন উপদেষ্টা

বিএনপির জাতীয় স্থায়ী কমিটির সদস্য ও প্রধানমন্ত্রীর জনপ্রশাসন বিষয়ক উপদেষ্টা মো. ইসমাইল জবিউল্লাহ বলেছেন, কৃত্রিম বুদ্ধিমত্তা এআই ব্যবহারে আরও দক্ষ হবে সরকার। এতে নাগরিক সেবা সহজ হবে। সোমবার প্রধানমন্ত্রীর কার্যালয়ের গভর্নেন্স ইনোভেশন ইউনিট এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের উদ্যোগে বাস্তবায়নাধীন ডিজিটাল সরকার ও অর্থনীতি শক্তিশালীকরণ প্রকল্পের যৌথ উদ্যোগে ৫ দিনব্যাপী 'স্ট্র্যাটিজিক ইউজ অব এআই টুলস অ্যান্ড সাইবার সিকিউরিটি ফর পিএমও অফিসিয়ালস' সংক্রান্ত প্রশিক্ষণের সমাপনী ও সনদপত্র প্রদান অনুষ্ঠানে সভাপতির বক্তৃতায় তিনি এসব কথা বলেন। জনপ্রশাসন উপদেষ্টা বলেন, বর্তমান সময়ে কৃত্রিম বুদ্ধিমত্তা আমাদের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। এর মাধ্যমে সরকার আরও দক্ষ ও দ্রুত সিদ্ধান্ত নিতে পারবে, প্রশাসনিক জটিলতা কমবে এবং নাগরিক সেবা আরও উন্নত হবে। একইসঙ্গে কৃত্রিম বুদ্ধিমত্তা নির্ভর জ্ঞানভিত্তিক অর্থনীতি গড়ে তুলতে দক্ষ জনশক্তি তৈরি, গবেষণা ও উদ্ভাবনের সুযোগ বাড়বে। বিশ্ববাজারে প্রতিযোগিতায় টিকে থাকতে উৎপাদনশীলতা বাড়াতেও কৃত্রিম বুদ্ধিমত্তা গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলেও উল্লেখ করেন। তিনি বলেন, আমাদের লক্ষ্য শুধু প্রযুক্তির ব্যবহার দেখানো নয়; বরং প্রযুক্তির মাধ্যমে মানুষের জীবনকে আরও সহজ করা। আমরা এমন একটি স্মার্ট সরকার ব্যবস্থা গড়ে তুলতে চাই, যেখানে নাগরিকরা সহজে ও দ্রুত সেবা পাবেন, সিদ্ধান্ত হবে তথ্যভিত্তিক এবং প্রশাসন হবে আরও কার্যকর, দক্ষ ও জনবান্ধব। (রেডিও টুডে ওয়েব পেজ:২৪.০৮.২০২৬ আসাদ)

## ডিএনএ পরীক্ষায় প্রমাণিত, সেই মাদরাসা শিক্ষকই শিশুটির বাবা

নেত্রকোণার মদনে ১১ বছর বয়সি এক শিশুকে ধর্ষণের ঘটনায় জন্ম নেওয়া নবজাতকের ডিএনএ পরীক্ষায় মামলার অভিযুক্ত সেই মাদ্রাসাশিক্ষক আমান উল্লাহ মাহমুদী সাগরই শিশুটির বাবা হিসেবে প্রমাণিত হয়েছেন। সোমবার আদালতে ডিএনএ পরীক্ষার প্রতিবেদন উপস্থাপনের পর বিষয়টি নিশ্চিত করেছেন নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের পাবলিক প্রসিকিউটর অ্যাডভোকেট নুরুল কবীর রুবেল। পাবলিক প্রসিকিউটর জানান, ডিএনএ পরীক্ষার প্রতিবেদনে অভিযুক্ত মাদরাসা শিক্ষকই ধর্ষণের ঘটনায় জন্ম নেওয়া নবজাতকের জৈবিক বাবা হিসেবে প্রমাণিত হয়েছেন। এদিন আসামিকে আদালতে হাজির করা হয় এবং ডিএনএ পরীক্ষার প্রতিবেদন আদালতে উপস্থাপন করা হয়েছে। তিনি আরও বলেন, আশা করা হচ্ছে আগামী ৬০ দিনের মধ্যে মামলাটির বিচারকাজ শেষ করা সম্ভব হবে। মামলার এজাহার ও পুলিশ সূত্রে জানা যায়, প্রায় চার বছর আগে আমান উল্লাহ মাহমুদী সাগর একটি মহিলা কওমি মাদরাসা প্রতিষ্ঠা করেন। শিশুটির মা-বাবার বিচ্ছেদের পর সে তার নানার বাড়িতে থেকে ওই মাদরাসায় পড়াশোনা করত। তার মা জীবিকার প্রয়োজনে সিলেটে গৃহপরিচারিকার কাজ করতেন। পরবর্তীতে শিশুটি অসুস্থ বোধ করার পাশাপাশি তার শারীরিক পরিবর্তন দেখা দিলে বিষয়টি জানতে পারেন তার মা। গত ১৮ এপ্রিল মদন পৌর শহরের একটি ক্লিনিকে পরীক্ষা করানো হলে চিকিৎসক জানান, শিশুটি অন্তঃসত্ত্বা। এ ঘটনায় ২৩ এপ্রিল শিশুটির মা বাদী হয়ে মাদরাসা শিক্ষক আমান উল্লাহ মাহমুদী সাগরের বিরুদ্ধে মামলা করেন। পরে ৬ মে ময়মনসিংহের গৌরীপুর থেকে র‍্যাব তাকে গ্রেফতার করে। পরদিন আদালত তাকে তিনদিনের রিমান্ডে পাঠায়। রিমান্ড শেষে তদন্ত কর্মকর্তার আবেদনের পর আদালত অভিযুক্তের ডিএনএ পরীক্ষার নির্দেশ দেয়। (রেডিও টুডে ওয়েব পেজ:২৪.০৮.২০২৬ আসাদ)

# BBC

## RUSSIA'S SECOND-BIGGEST ONLINE RETAILER TARGETED IN UKRAINIAN STRIKES

Warehouses belonging to Russia's second-largest online retailer have been hit by a wave of Ukrainian drone strikes. Ozon said its logistics facilities in the southern regions of Krasnodar, Dagestan, Stavropol and Adygea were on fire and several people had been injured following overnight strikes. Ukraine has for weeks struck sites belonging to Wildberries, the country's

biggest online retailer, describing the firm as a legitimate target because it supplied components to the military, which Moscow denies. Russian President Vladimir Putin said on Saturday that Ukraine had opened "Pandora's box" by striking economic targets and that Russia would hit back at Kyiv's "most sensitive economic sectors". Russia has targeted Ukraine's civilian infrastructure since launching its full-scale invasion in 2022, and recent Russian attacks have hit Ukrainian warehouses and cargo terminals.
(BBC News Web Page: 24/08/26, FARUK)

**IRAN FACES 'GREATEST FINANCIAL OFFENSIVE EVER': US TREASURY SECRETARY**

The US treasury secretary has threatened Iran with "the single greatest financial offensive ever", claiming the US-Israel war with Iran was "entering its endgame". Scott Bessent said the US would sever all economic ties with the country in "an economic D-Day" and that any nation partnering with Iran financially would also be isolated. Bessent's threat to the Iranian regime follows several U-turns and extended deadlines from US President Donald Trump's administration on previous threats. Iran dismissed Bessent's comments and said it would shut down all oil exports from the region "if the war continues", according to news agency Reuters. The Iranian regime has also issued a new warning to shipping not to pass through the Strait of Hormuz without its permission, the agency reported. One fifth of the world's oil and gas usually passes through strait, waterway south of Iran, but the flow has been effectively blocked by the country since the conflict began at the end of February.
(BBC News Web Page: 24/08/26, FARUK)

**NEARLY 90,000 TOLD TO EVACUATE AS WILDFIRE APPROACHES RENO, NEVADA**

Tens of thousands of people have been told to evacuate from an area close to Reno, Nevada, as a large wildfire reached the outskirts of the city. Around 42,000 people have been ordered to leave their homes immediately, with a further 45,000 people urged to get ready to leave. The fire, which was first reported on Saturday morning, had so far injured six people, officials said. Windy and unpredictable weather conditions have contributed to its spread. Nevada's Governor Joe Lombardo has declared a state of emergency in Washoe County and ordered the National Guard to join firefighting and law enforcement efforts. "This is an active and rapidly evolving situation and I urge everyone in the affected areas to remain vigilant and follow the direction of local officials," he said. The fire was caused by humans and first reported at 11:15 local time on Saturday, according to local officials. The Washoe emergency information centre said around 15,000 acres had been burned.
(BBC News Web Page: 24/08/26, FARUK)

**KING OF NORWAY'S HEALTH HAS WORSENED: PALACE**

King Herald V of Norway's health has worsened, the palace has said, as he remains in hospital receiving antibiotics for a bacterial infection in his bloodstream. The monarch has responded to treatment despite the deterioration in his condition, according to the palace, but he will remain at Oslo University Hospital, Riskhospitalet, and on leave from royal duties until further notice. The 89-year-old, who has been on the throne since 1991, was admitted to hospital and put on sick leave a week ago. His son, Crown Prince Haakon, 53, has been serving as regent while his father is on leave. King Herald has been treated in recent weeks with cortisone for a rare blood condition, haemolytic anaemia. It causes the number of red blood cells in the body to be reduced, and leads to fatigue and shortness of breath.
(BBC News Web Page: 24/08/26, FARUK)

**NEARLY THREE MILLION TESLAS RECALLED IN CHINA OVER HIDDEN DOOR HANDLES**

Minimalistic door handles became a signature feature of electric vehicles (EVs), but the controversial designs are now at the centre of China's biggest car recall, affecting more than 4 million vehicles. The recall, which includes 2.98 million Chinese-made Teslas, follows safety concerns that the hidden door handles are difficult to locate and open in emergency situations. Other brands affected by the recall include Chinese carmakers CPeng, Xiaomi and Geely. The recalled vehicles will have a warning label stuck on the interior door and receive a software update to automatically lower the windows in a crash. The designs have come under scrutiny after two fatal crashes in China involving Xiaomi EVs, in which power failures were suspected to have prevented doors from being opened.
(BBC News Web Page: 24/08/26, FARUK)

**NEW ZEALAND TO INTRODUCE BILL FOR UNDER-16s SOCIAL MEDIA BAN**

New Zealand is to introduce a bill seeking to ban under-16s from using social media. Under the latest proposals, platforms including TikTok, Instagram, Snapchat and Facebook, will have to take steps to check users are over 16 and platforms that fail to meet their obligations could face fines of up to 10% of their global revenue. Prime Minister Christopher Luxon said social media was exposing children to "harmful content, addictive technology and pressures they are not equipped to deal with". But several political parties have said they will vote against the bill. The move follows a similar ban in Australia, while countries including the UK and Greece are set to introduce restrictions next year. Luxon said social media was affecting children's family life, mental health, sleep and education.
(BBC News Web Page: 24/08/26, FARUK)

**EX-CRICKET CAPTAINS URGE 'PROPER MEDICAL CARE' FOR IMRAN KHAN**

A group of former cricket captains, including Indian batting legend Sunil Gavaskar and one of England's longest-serving skippers Sir Alastair Cook, have called on Pakistan to ensure its ex-PM Imran Khan be given proper care while in custody. The cricketer-turned-politician has been in jail since 2023 on corruption charges which he denies. In a letter to Pakistan's current leader Shehbaz Sharif, the 21 former skippers aired concern that Khan, 73, was allowed "only a few hours" at a hospital last week where he was examined by a state-appointed team. Khan's party has also filed a contempt petition against the government for not giving him access to his own doctors, as ordered by the top court. The former cricket captains laid out three demands in their letter, the first of which is that Khan be assessed by a medical board directed by Pakistan's Supreme Court - which would include his personal physicians - particularly on the reported loss of vision in his right eye. They also urged authorities to allow weekly visits by Khan's family, as ordered by the court, "without interruptions or administrative delays". (BBC News Web Page: 24/08/26, FARUK)

**GUINEA RUBBISH LANDFILL COLLAPSE KILLS 31**

At least 31 people have been killed after a mound of rubbish at a major waste site collapsed onto nearby homes in Guinea's capital Conakry, the government has said. Another 22 people were injured, including six seriously, in the city's Dar-es-Salam area. "Significant" resources and personnel - including the military - were deployed to search for survivors after the collapse at about 02:00 local time following heavy rain overnight, the government added in a statement. One woman told local media her five children had died in the disaster. There are fears that the death toll will rise further. Rescuers were later seen using excavators to comb through a mountain of scattered rubbish at the site as local residents gathered nearby. One eyewitness said many people were buried when a second part of the site gave way. Guinea's Prime Minister Mamadou Oury Bah has visited the scene to assess the situation and oversee the search efforts. (BBC News Web Page: 24/08/26, FARUK)

**:: THE END ::**